banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

www.ekarmakshetra.com

GRAB YOUR DREM JOB
IN 2019-20
WBCS - CGL - BANK - RAIL
grassroot
7427927701
Dunlop • Tamluk • Sonarpur

বর্ষ ৩৯ সংখ্যা ২৪ কলকাতা বুধবার, ১৬ জানুয়ারি ২০১৯/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২ মাঘ ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## সি আই এস এফে ৩৬৫ হেড কনস্টেবল

৩৬৫ জন হেড কনস্টেবল নেবে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী (সি আই এস এফ)।

**শূন্যপদের বিন্যাস:** পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে: মোট শূন্যপদ ৩২৮টি (সাধারণ ১৬৭, তফসিলি জাতি ৪৯, তফসিলি উপজাতি ২৪, ও বি সি ৮৮)। মহিলা প্রার্থীদের ক্ষেত্রে: মোট শূন্যপদ ৩৭টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। মোট শূন্যপদের মধ্যে ১০ শতাংশ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ অথবা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল**

**বয়স:** ২০-২-২০১৯ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৬৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫৫ সেমি), তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫০ সেমি)। বুকের ছাতি: শুধুমাত্র পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৭ ও ৮২ সেমি (তফসিলি উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া ন্যূনতম কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯, ন্যূনতম দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে।

প্রার্থীকে শারীরিকভাবে সক্ষম হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, তির্যক চাউনি থাকলে চলবে না।

**বেতনক্রম:** ২৫,৫০০-৮১,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

*এরপর পনেরোর পাতায়*

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১২

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, স্টেনো, ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, দারোয়ান, পিওন**

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট, স্টেনো-টাইপিস্ট, ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট, পিওন-সহ বিভিন্ন পদে ১১২ জন কর্মী নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: A2/C/1/2019.

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট:** ২৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ৩, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে টাইপিং এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে। মাইক্রোসফট অফিস ও ট্যালি সফটওয়্যার বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৭,২০০-২৫,৪০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৩,৩০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-টু):** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি

*এরপর সাতের পাতায়*

## ইস্পাত নিগমে ম্যানেজমেন্ট ট্রেনি

### গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ও মেটালার্জি শাখায় ৭৭ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে রাষ্ট্রীয় ইস্পাত নিগম। নিয়োগ হবে ভাইজ্যাগ স্টিল প্ল্যান্টে। প্রার্থীকে অবশ্যই গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর ০১/২০১৯। প্রথমে ১ বছরের ট্রেনিং, তার পর ১ বছরের প্রবেশন।

**শূন্যপদের বিন্যাস:** শাখা অনুসারে: ইলেক্ট্রিক্যাল ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। মেকানিক্যাল ৩১টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। মেটালার্জি ২৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। মোট শূন্যপদের মধ্যে ১১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ মেটালার্জি বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা সমতুল শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে

*এরপর পনেরোর পাতায়*

## তিন সামরিক বাহিনীতে ৩৯২ অফিসার

### শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। শুধু ছেলেরা আবেদন করবেন। পরীক্ষা ২১ এপ্রিল

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৩৯২ জন অফিসার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত তরুণরা আবেদন করতে পারেন। মেয়েরা আবেদন করবেন না। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০১৯-এর মাধ্যমে। পরীক্ষা ২১ এপ্রিল। উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ৯ জানুয়ারি সংখ্যায় 'তিন সামরিক বাহিনীতে কয়েকশো অফিসার' শীর্ষক সংবাদে এই পরীক্ষা ও নিয়োগ-সংক্রান্ত আগাম সংবাদ জানানো হয়েছিল। এবার খুঁটিনাটি তথ্য-সহ বিশদ খবর জানানো হল।

**শূন্যপদ:** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির আর্মি শাখায় ২০৮টি, নেভিতে ৪২টি এবং এয়ারফোর্সে ৯২টি। ন্যাভাল অ্যাকাডেমিতে শূন্যপদ ৯২টি।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মি শাখার জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল ব্রাঞ্চ এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। উভয় ক্ষেত্রেই যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**জন্মতারিখ:** সব ক্ষেত্রেই জন্মতারিখ থাকতে হবে ২-৭-২০০০ থেকে ১-৭-

*এরপর পনেরোর পাতায়*

## ইন্ডিয়ান অয়েলে ৪২০ অ্যাপ্রেন্টিস

৪২০ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের দক্ষিণাঞ্চলের মার্কেটিং ডিভিশন। ট্রেনিং হবে তিনটি বিভাগে। টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিস গ্র্যাজুয়েটরা। দক্ষিণ ভারতের বিভিন্ন রাজ্যে ট্রেনিং আয়োজিত হবে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

রাজ্য ও ট্রেনিংয়ের বিভাগ অনুসারে

### টেকনিক্যাল ট্রেডে আই টি আই, ডিপ্লোমা
### নন-টেকনিক্যাল ট্রেডে গ্র্যাজুয়েটরা আবেদন করবেন

বিভাগে ট্রেনিং নিতে পারবেন নির্দিষ্ট বিভিন্ন ট্রেডে আই টি আই পাশ প্রার্থীরা। নির্দিষ্ট বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমাধারী তরুণ-তরুণীরা টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ট্রেনিং নিতে পারবেন। নন-টেকনিক্যাল বিভাগে অ্যাকাউন্ট্যান্টের প্রশিক্ষণ নিতে পারবেন যে-কোনও শাখার আসনসংখ্যা: তামিলনাড়ু ও পুদুচেরি: ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই): ৫১টি (সাধারণ ২৯, তফসিলি জাতি ৯, ও বি সি ১৩)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট): ৬৪টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১২, ও বি সি ১৭)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা):

*এরপর পনেরোর পাতায়*

## কোস্টগার্ডে নাবিক

### শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু নাবিক (জেনারেল ডিউটি) নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। ১০+২ এন্ট্রিতে নিয়োগ হবে। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০২/২০১৯ ব্যাচে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স ও অঙ্ক দু'টি বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকা চাই। তফসিলি প্রার্থীরা, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড়রা এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানেরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। **দৃষ্টিশক্তি:** ভালো চোখে ৬/৬ এবং

*এরপর সাতের পাতায়*

## ভিলাই স্টিল প্ল্যান্টে ১১৬ ট্রেনি

১১৬ জন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেবে ভিলাই স্টিল প্ল্যান্ট। নিয়োগ করা হবে অপারেটর-কাম-টেকনিশিয়ান (ট্রেনি) পদে, বিভিন্ন শাখায়। প্রাথমিক ভাবে ২ বছরের ট্রেনিং। তবে কর্তৃপক্ষ মনে করলে আরও ২ বছর ট্রেনিংয়ের মেয়াদ বাড়াতে পারেন। ট্রেনিং শেষে এক বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: BSP-221 (Rectt.)/18-19.

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস:**

*এরপর সাতের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




## ন্যাশনাল সিডস কর্পোরেশনে ২৪৭ ট্রেনি

২৪৭ জন ট্রেনি নেবে ন্যাশনাল সিডস কর্পোরেশন। প্রশিক্ষণ দেওয়া হবে সংস্থার কর্পোরেট অফিস, রিজিওনাল অফিস এবং ফার্মে, এগ্রিকালচার, মার্কেটিং, কোয়ালিটি কন্ট্রোল-সহ বিভিন্ন শাখায়।

**আসনসংখ্যার বিবরণ: সিনিয়র ট্রেনি:** এগ্রিকালচার: ৪৯টি। কোয়ালিটি কন্ট্রোল: ১৯টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাগ্রোনমি বা সিড টেকনোলজি বা প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্সে স্পেশ্যালাইজেশন ও ৫৫ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি। হিউম্যান রিসোর্স: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: হিউম্যান রিসোর্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ অথবা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা পার্সোনেল ম্যানেজমেন্ট বা লেবার ওয়েলফেয়ারে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা অথবা সোশ্যাল ওয়ার্কে স্নাতকোত্তর ডিগ্রি। সব ক্ষেত্রেই অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। লজিস্টিক্স: ১২টি। শিক্ষাগত যোগ্যতা: মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা লজিস্টিক্স অ্যান্ড সাপ্লাই চেন ম্যানেজমেন্টে এম বি এ। অথবা এগ্রিকালচারে বি এসসি, সঙ্গে এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে এম বি এ। স্নাতক ও স্নাতকোত্তরে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৯-২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ২৩,৯৩৬ টাকা।

**ট্রেনি:** এগ্রিকালচার: ৪৫টি। মার্কেটিং: ৩২টি। এগ্রি স্টোর্স: ১৬টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি। টেকনিশিয়ান: ১৬টি (ডিজেল মেকানিক ৬, মেশিনম্যান ৩, অটো ইলেক্ট্রিশিয়ান ৪, ওয়েল্ডার ২, ব্ল্যাকস্মিথ ১)। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ আই টি আই কোর্স পাশ, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে অন্তত ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে এবং এন সি ভি টি পরিচালিত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন এ সি) পরীক্ষাতেও পাশ করে থাকতে হবে। ডিজেল মেকানিকের ক্ষেত্রে ট্রাক্টর মেকানিক ট্রেডে আই টি আই পাশরাও উপরোক্ত অন্যান্য যোগ্যতা থাকলে আবেদনের যোগ্য। স্টোর্স (ইঞ্জিনিয়ারিং): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। স্টেনোগ্রাফার: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে অন্তত ৬০ শতাংশ নম্বর এবং স্টেনোগ্রাফি-সহ অফিস ম্যানেজমেন্টে ডিপ্লোমা। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতক, সঙ্গে স্টেনোগ্রাফিতে সার্টিফিকেট কোর্স পাশ। কম্পিউটার অপারেশন (এম এস অফিস-সহ) এবং অফিস ম্যানেজমেন্ট বিষয়ে দক্ষতা থাকা চাই। তাছাড়া হিন্দি ভাষায় কাজ চালানোর মতো দক্ষতা এবং কমিউনিকেশন স্কিল থাকা চাই। এর পাশাপাশি প্রার্থীর শর্টহ্যান্ডে

*এরপর সাতের পাতায়*

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ২৪ □ ১৬ জানুয়ারি ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**ভারতীয় ও আন্তর্জাতিক এয়ারলাইন্সে বিভিন্ন পদে চাকরির সুবর্ণ সুযোগ**

কলকাতা, মুম্বই, দিল্লি, গোয়া, এয়ার পোর্টে Air Hostess (C.S.A/ Ticketing / TAG Boy, Loader ও Ground Staff) বিভিন্ন পদে চাকরির জন্য সত্বর নিয়োগ করা হচ্ছে। ক্লাস এইট থেকে গ্রাজুয়েট ছেলেমেয়েরা যোগ্যতা অনুসারে নির্বাচিত হবে। সরাসরি Interview চলবে 16.01.2019 থেকে 23.01.2019 তারিখ পর্যন্ত। আসনসংখ্যা সীমিত। Interview-এর জন্য সরাসরি যোগাযোগ করুন: HR Admin Dept.:- 83340-33598 / 96747-35257 / 90734-83225. Interview Place: Upendar House, AC-90/A, Prafulla Kanan, Kestopur, Near Magnum Restaurant).

□

**Pvt. Bank // Pharma & Retail** Dept. চাকরি। অফিসিয়াল পদের জন্য প্রচুর যোগ্য প্রার্থী চাই। সত্বর যোগাযোগ করুন। হাওড়া ও শিয়ালদহ: 96744-11851, বজবজ ও ঢাকুরিয়া: 99038-54218. 76, Ganguly St. Kol-12, MK Carrier & Services.

□

**রহমতে আলম মিশন**
**Walk in Interview**

মাধ্যমিক বিভাগের জন্য অঙ্ক, জীবনবিজ্ঞান ও ভূগোলের আবাসিক শিক্ষক/ শিক্ষিকা চাই। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম স্নাতক। সরাসরি ইন্টারভিউ 22/01/2019 বেলা 11 টায়। শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, প্রত্যয়িত নকল-সহ সরাসরি যোগাযোগ। রহমতে আলম মিশন, বেঁড়াচাপা, উত্তর ২৪ পরগনা, পিন: 743424. Email-rahmatealam@gmail.com Ph.: 97338-15967 / 97343-22339.

□

**Airport মেট্রোতে Pvt. ব্যাঙ্কে স্থায়ী জব**

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে Airport ও মেট্রোতে ও ব্যাঙ্ক DSA-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-40 বছর। অন্যান্য সুবিধা: D. L. C, শিয়ালদহ, কলি-09, 83709-54324.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৯ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

৩০ জানুয়ারি **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৬ জানুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

**অতিশীঘ্র যোগাযোগ করুন**

গভঃ লাইসেন্স নং: **EWK 28560** সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত (৮ম-স্নাতক) M/F -দের স্থায়ীভাবে নিয়োগ চলছে। বেতন: (13,700/- – 38,200/-) N. C, Shimurali, Nadia: 95640-33551 / 95640-30621.

□

**JIO / Dish TV কাস্টমার কেয়ারে** নিয়োগ। মাধ্যমিক-M.A (18-36), বেতন: Inc + OT 11,850/-. মেদিনীপুর / হাওড়া: 96792-49749 কৃষ্ণনগর/ বর্ধমান: 70012-26687. Arya Edutech, M. Colony, Kol-81.

□

**কর্মী নিয়োগ**

**Ideal Car Rental Services-তে** অতিসত্বর অভিজ্ঞ ড্রাইভার, Accountant (Tally). (2 years Experience) কর্মী প্রয়োজন। Cont.: GD-95, Sec-3, Saltlake, Kol-106, Opp.- Allahabad Bank. 89810-84123, 90078-00242.

□

**Salary 10400-19500**

3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া FREE. Accropolish Mall, Kol-107. Sonar Bangla, 86977-55628.

□

**Vodafone / Naptol / Jio / কাস্টমার** কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC+OT-সহ 11,800/-. SUCCESS POINT MANAGEMENT SERVICE, Salt Lake, Sec-V, Kol-91, আরামবাগ: 98301-20692, ডায়মন্ডহারবার: 90513-76362, ঘাটাল: 96747-95345.

□

**স্টার হোটেলে 6-17,500/-**

রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

**Jio/SBI/Vodafone কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC+OT-সহ 11,800/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 96747-95345, মেদিনীপুর ও বর্ধমান: 98301-20692, উঃ ও দঃ ২৪ পরগনা: 70440-49492.

□

**SBI / HDFC / UCO/PAN / ATM** Card-এ DOC ভেরিফিকেশন / বিভিন্ন অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী KOL / W.B. (18-34) M/F সরাসরি নিয়োগ। বেতন: 10,872/- – 30,550/-. W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম 83348-59516, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728, শিয়ালদহ / কেষ্টপুর: 62892-51870.

□

**BACK Office-এ C.C.E পিওন পদে** স্পট নিয়োগ। বেতন: 10,800/- (MP-MA), S. P. BWN-0.1, বাঁকুড়া / বীরভূম / বর্ধমান। 70449-87955.

□

**কর্মক্ষেত্র**
কার্যালয়ে যোগাযোগের ঠিকানা:
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- – 28700/-**

শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**JOB VACANCY**

**www.gcagroup.co.in** সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, DISH TV ও MNC -এর বিভিন্ন Official পদে (৪র্থ-স্নাতক) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: 13,200/- – 29,700/-) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। GCA, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7, (M): 77186-37129 / 95640-30192.

□

**AIRTEL/JIO 4G ও BANKING কাস্টমার কেয়ারে**

বাংলাভাষী স্মার্ট ছেলেমেয়েদের স্পট সিলেকশন চলছে। যোগ্যতা: MP-Graduate (18-35), বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 11,500/- ও থাকার সুব্যবস্থা। প্রয়োজনে শিখে জয়েনিং। IIFA, Kol-28. দমদম (H.O.): 84206-66060, গড়িয়া: 90020-33880, দমদম (উঃ): 99032-23211, শিলিগুড়ি: 98307-71003.

□

**URGENT VACANCY**
**জাহাজ ও এয়ারপোর্টে চাকরি**
**PREMEIR PLACEMENT CO.**
**GOVT. REGD NO.-1342/14**

DIRECT COMPANY-র পে-রোলে জাহাজে ও কন্ট্রাক্টরের অধীনে AIRPORT -এ নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বয়স: ১৮-৪২-এর মধ্যে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন: ১২,৮০০/- – ৩৮,০০০/-। ইচ্ছুক কর্মপ্রার্থীরা BIO DATA, ডকুমেন্ট ও অভিভাবক-সহ অতি সত্বর যোগাযোগ করুন। Kol-30. (M): 96095-55776.

□

**জাহাজে চাকরি**
**GEEPEE SHIPING. Co.**
**GOVT REGD. No. 43592/14**

সরাসরি যোগ্যতার ওপর নির্ভর করে জাহাজ ও বন্দরে চাকরি। যোগ্যতা: (৮ম-স্নাতক), বয়স: (১৭-৪২) পার্মানেন্ট চাকরি। বেতন: 15,500/- – 49,500/-), Direct Company-র পেরোলে। এখানে বেতনের সাথে থাকা-খাওয়া Company-র খরচ। PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুবিধা আছে। প্রত্যেক 5 মাসের Duty করলে 1 মাস ছুটি with Salary. দেশের মধ্যে নিজের পছন্দমতো জায়গায় কাজ পেতে শীঘ্রই BIO DATA পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ যোগাযোগ: Koushik Das, Kol-30, M: 96097-08823.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**

**(RL-No-3041)** গ্যারান্টি সহকারে এখানে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,500/- – 47,300/-. এছাড়া সবরকমের সুবিধা আছে। S. P. বালিগঞ্জ, কোল-19. (M): 98743-18872.

□

**DISCLAIMER**

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**গভঃ স্বীকৃত Airport ও মেট্রোতে পার্মানেন্ট জব**
**M: 83718-73424**

সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 45,900/-, এছাড়া PF, ESI, OT-সহ থাকা-খাওয়ার সুব্যবস্থা। বয়স: 18-38, S. C. Pvt. Ltd., P/25 C. I. T. Road, Kol-54.

□

**'আর্জেন্ট ভ্যাকান্সি'**
**এয়ারপোর্ট ও মেট্রোরেলে গভঃ রেজিঃ সংস্থা R/L No. - 3791**
**M: 8371921244**

শূন্যপদ: 215, বয়স: 18-38 পুরুষ ও মহিলাপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 15,342-46,700/-. এছাড়া PF, ESI, OT বোনাস-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। সত্বর যোগাযোগ করুন। S. C. P. L, C.I.T. Rd, Kol-54.

□

**বিবেকানন্দ ছাত্রাবাস**

স্নাতক / স্নাতকোত্তর যোগ্যতাসম্পন্ন Physics, Chemistry, Maths, English, Hindi-এর আবাসিক শিক্ষক/শিক্ষিকা প্রয়োজন। ব্যারাকপুর, Kol-120. যোগাযোগ: 70030-25231.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 74497-02185 নৈহাটি ও কল্যাণী: 70441-97742 সোনারপুর ও গড়িয়া: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**আর্জেন্ট রিক্রুটমেন্ট**
**এয়ারপোর্ট ও মেট্রোতে স্পট জয়েনিং**

**গঃ ভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসের মাধ্যমে** Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/-.– 48,700/-. এছাড়া PF, ESI, OT-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। সত্বর যোগাযোগ করুন। D. L. C, সল্টলেক, কলি-64, (M): 83709-56124.

□

**No Donation, Direct** কোম্পানিতে H.S পাশ (18-30) 22 জন কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8K-10K. Itech, Dunlop, Kol-108. (M): 83368-25980.

□

## কর্মখালি

**Pvt. ব্যাংকে চাকরি**
**Govt Reg-L/No. 650172**

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী জব। যোগ্যতা: অষ্টম-স্নাতক। বেতন: 12,000/- – 36,000/-. এছাড়াও PF, ESI, বোনাস, থাকা, খাওয়া, যাতায়াত ফ্রি। শিমুরালি নদিয়া স্টেশন রোড, M: 90837-44113, R. P

□

**বিনা ডোনেশনে সুনিশ্চিত ভবিষ্যৎ গড়তে ফোন করুন**

গভঃ লাইসেন্সপ্রাপ্ত (L. No-EWK 70082) অফিস দিচ্ছে সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও P.V.T BANK DSA) সংস্থায় সরাসরি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: (8,900/- – 37,800/-), এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়া সম্পূর্ণ ফ্রি। যোগাযোগ: B. C., ব্যান্ডেল, হুগলি। M: 70766-75198.

## স্কুল-কলেজ শিক্ষা

**LL.B (3 & 5 Yrs) No Age, No** Marks, LL.M, D. Das (Advocate), Barasat Judge Court. 94321-76217 / 80177-11657.

□

**RAIL-এর ১৪০৩৩ Jr. ইঞ্জিঃ ও সায়েন্স** গ্র্যাজুয়েটদের জন্য Special ব্যাচ শুরু হচ্ছে। GIT: Jadavpur, Kol-32. (M): 80179-67323.

□

**টিচার্স ট্রেনিং**

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেসরি** টিচার্স ট্রেনিং-এ ভর্তি চলছে। BSS Govt. of India approved. Placement Assistance. রবীন্দ্র পাঠভবন, হাওড়া: 90510-74736 / 98308-15220 টালিগঞ্জ: 98308-15220 শ্যামবাজার: 84428-66912.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং ও চাকরি**

**মহিলাদের স্কুলে নিশ্চিত চাকরি পেতে,** প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 98043-21839.

□

**বিজ্ঞপ্তি (2019-20)**

**PATHOLOGY, ECG, X-RAY,** PHYSIOTHERAPY, DRESSER, R.M.P. (PRACTITIONER) ETC. C. C. M. T. R. 1 15, SRI GOPAL MULLICK LANE, CALCUTTA-12. PH: 033-2219-8253/0301.

**স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দুঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# রসগোল্লা তৈরির মেশিন

**'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** রসগোল্লা বাঙালির অতি প্রিয়। সারা বছরই এর চাহিদা থাকে। এই মেশিনের সাহায্যে ছানা থেকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে রসগোল্লার বল তৈরি হবে। যে-কোনও মিষ্টির দোকানে যেমন এই মেশিনের চাহিদা আছে, তেমনই নিজেও এই মেশিন কিনে রসগোল্লা তৈরি করে দোকানে বা উৎসব-অনুষ্ঠানে সাপ্লাই করতে পারেন।

কীভাবে করবেন: প্রথমে ৫ কেজি ছানা মেশিনের হপারে দিতে হবে। এরপর মেশিন চালু করলেই সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে সেই ছানা মাখা হয়ে যে মাপের রসগোল্লা করতে চান সেই মাপের গোল বল তৈরি হয়ে বেরিয়ে আসবে। ৫ কেজি ছানা থেকে মাত্র ৩০ মিনিটে ২০০টি রসগোল্লার বল তৈরি হবে। এরপর একটি কড়াইয়ে চিনির রস তৈরি করে, তাতে ওই বলগুলি ফেলে ফুটিয়ে নিলেই রসগোল্লা তৈরি হয়ে যাবে। এই মেশিনটি চালাতে ½ হর্সপাওয়ার বিদ্যুৎ লাগবে।

কোন মেশিনের কী দাম: সম্পূর্ণ স্বয়ংক্রিয় রসগোল্লা তৈরির এই মেশিনটির দাম ২ লক্ষ ৭০ হাজার টাকা।

মেশিন কোথায় পাবেন: মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।**

□ *কো-অপারেটিভ সোসাইটি রেজিস্ট্রেশনের জন্য কোনও ওয়েবসাইট থেকে ফর্ম ডাউনলোড করা যায় কি? সেটা সম্ভব হলে ওয়েবসাইটটি জানাবেন। —প্রতাপাদিত্য কয়াল, শিলিগুড়ি, দার্জিলিং।*

□□ ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে: www.myenterprisewb.in ওয়েবসাইটের 'অ্যাপ্লিকেশন ফর্মস' উইন্ডোতে ক্লিক করবেন।

□ *কম্পিউটার কি-বোর্ড পরিষ্কার করার জন্য রাসায়নিক সলিউশন তৈরি করতে চাই। কোথাও প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি? —গৌতম কয়াল, সালকিয়া, হাওড়া।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতিতে প্রশিক্ষণের ব্যবস্থা আছে। বছরের যে-কোনও সময়েই প্রশিক্ষণ নেওয়া যায়। যোগাযোগের ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *সয়াবিন থেকে দুধ তৈরির জন্য অটোম্যাটিক কী মেশিন ব্যবহার করতে হবে? মেশিনের দাম ও প্রাপ্তিস্থান জানাবেন। —অজয় হাঁসদা, ডানকুনি, হুগলি।*

□□ সয়াবিন থেকে দুধ, ছানা ও পনির তৈরির জন্য একই মেশিন ব্যবহৃত হয়। শুধু ভিন্ন ভিন্ন অ্যাটাচমেন্ট ব্যবহার করতে হয়। মেশিন চালানোর জন্য ২ হর্সপাওয়ারের মোটর লাগবে। মোটর-সহ মেশিনটির দাম কমবেশি ৫ লক্ষ টাকা। কলকাতার ক্যানিং স্ট্রিট (কলকাতা-১) ও গণেশচন্দ্র অ্যাভেনিউয়ের (কলকাতা-১৩) মেশিনপত্র বিক্রির দোকানগুলিতে এই মেশিন কিনতে পাবেন।

প্রসঙ্গত, সয়াবিনের দুধ তৈরির জন্য প্রচুর পরিমাণে পরিশ্রুত পানীয় জলের সরবরাহ নিশ্চিত করতে হবে। বাণিজ্যিক ভাবে দুধ বিক্রির জন্য হেলথ লাইসেন্সের দরকার হবে।

□ *ইলেক্ট্রিক্যাল ট্রেডে আই টি আই পাশ করেছি গত বছর। সৌর সরঞ্জাম নিয়ে কাজ করতে চাই। সেক্ষেত্রে সৌরবিদ্যুতের ব্যবহার-সংক্রান্ত আলাদা প্রশিক্ষণ নেওয়ার প্রয়োজন রয়েছে বলে মনে করি। কোথায় প্রশিক্ষণ দেওয়া হয় জানতে চাই। —সৌম্য রায়, গড়িয়া, কলকাতা।*

□□ গীতাঞ্জলী সোলার এন্টারপ্রাইজ বিভিন্ন সৌরবিদ্যুৎ, সৌরসরঞ্জাম-বিষয়ক প্রশিক্ষণ দেয়। প্রশিক্ষণ দেওয়া হয় এক্ষেত্রের বিভিন্ন ট্রেডে। প্রশিক্ষণগুলি ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন ও এন সি ভি টি কর্তৃক স্বীকৃত। কোর্সগুলি সম্পর্কে তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.geetanjalisolarin.com যোগাযোগের ঠিকানা: পি-১৪, কসবা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফেজ-ওয়ান, ইস্ট কলকাতা টাউনশিপ (রুবি হসপিটালের পিছনে), কলকাতা-১০৭। ফোন: ২৪৪২-০৭৭৩।

□ *মশা বিতাড়নের ধূপকাঠি তৈরি করতে চাই। কোথায় শেখানো হয়? —আরতি হালদার, কৃষ্ণপুর, কলকাতা।*

□□ স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান প্রগতি-তে মশা তাড়ানোর ধূপকাঠি তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। যোগাযোগের ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

□ *মৌমাছি পালন করে মধু উৎপাদনের ব্যবসা করতে চাই। এ ব্যাপারে কিছু তথ্য-পরামর্শের প্রয়োজন। কোথা থেকে পাওয়া যেতে পারে? —রবিউল ইসলাম, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ আপনি ওয়েস্ট বেঙ্গল বি-কিপার্স অ্যাসোসিয়েশনের সঙ্গে যোগাযোগ করতে পারেন। প্রতিষ্ঠানের ঠিকানা: কামারহাটি, গ্রাম: খিলকাপুর (উত্তর), পোঃ মিরহাটি, বারাসাত, উত্তর ২৪ পরগনা। অ্যাসোসিয়েশনের জেনারেল সেক্রেটারি তরুণ হালদার, ফোন: ৯১৩৩৫ ৭২৪৭৭।

# ইস্পাত নিগমে ম্যানেজমেন্ট ট্রেনি

## গেট-২০১৯ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে

ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ও মেটালার্জি শাখায় ৭৭ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে রাষ্ট্রীয় ইস্পাত নিগম। নিয়োগ হবে ভাইজ্যাগ স্টিল প্ল্যান্টে। প্রার্থীকে অবশ্যই গেট-২০১৯ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর ০১/২০১৯। প্রথমে ১ বছরের ট্রেনিং, তার পর ১ বছরের প্রবেশন।

শূন্যপদের বিন্যাস: শাখা অনুসারে: ইলেক্ট্রিক্যাল ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। মেকানিক্যাল ৩১টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। মেটালার্জি ২৬টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। মোট শূন্যপদের মধ্যে ১১টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ মেটালার্জি বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা সমতুল শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে উত্তীর্ণ হয়ে থাকতে হবে। মেটালার্জি শাখার গেট কোড এম টি, মেকানিক্যাল শাখার ক্ষেত্রে গেট কোড এম ই এবং ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে গেট কোড ই ই। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ফাইনাল মার্কশিট অগস্ট মাসের মধ্যে দাখিল করতে হবে।

ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল মেশিন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং এবং এনার্জি ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি গ্রাহ্য হবে। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন টেকনোলজি ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং এবং পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি গ্রাহ্য হবে। মেটালার্জির ক্ষেত্রে মেটালার্জি, মেটালার্জি অ্যান্ড মেটিরিয়াল সায়েন্সের ডিগ্রিও গ্রাহ্য হবে।

বয়স: জন্মতারিখ ১-১২-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ২৪,৯০০-৫০,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০১৯ পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizagsteel.com অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (উভয়ই জে পি জি ফর্ম্যাটে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। প্রয়োজন হবে গেট-২০১৯ পরীক্ষার অ্যাপ্লিকেশন নম্বর ও এনরোলমেন্ট নম্বরের।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (১৮ শতাংশ জি এস টি অতিরিক্ত)। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২২ ফেব্রুয়ারি।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে "Submit" করুন। সাবমিটের পরে ছবি, সই ও রেজিস্ট্রেশন নম্বর-সহ রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। ইন্টারভিউয়ের সময় প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। দরখাস্ত পূরণের ক্ষেত্রে কোনও সমস্যার সম্মুখীন হলে ফোন করতে পারেন এই নম্বরে: ০৮৯১-২৭৪০৪০৫ (যে-কোনও কাজের দিন সকাল ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

# বিহারে মিল্ক কো-অপারেটিভে জুনিয়র টেকনিশিয়ান

জুনিয়র টেকনিশিয়ান পদে ৮০ জনকে নেবে বিহার স্টেট মিল্ক কো-অপারেটিভ ফেডারেশন। সংস্থার বিভিন্ন ইউনিটে নিয়োগ করা হবে ইলেক্ট্রিক্যাল, ফিটার, বয়লার-সহ বিভিন্ন ট্রেডে।

ট্রেড অনুসারে শূন্যপদের বিবরণ: **ইলেক্ট্রিক্যাল:** ২২টি। **ফিটার:** ১৭টি। **ওয়েল্ডার:** ৫টি। **রেফ্রিজারেশন:** ১৫টি। **বয়লার:** ২১টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়লারের ক্ষেত্রে অতিরিক্ত বয়লার অপারেশনে ক্লাস টু সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,০০০ টাকা।

**বয়স:** ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, মহিলা এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sudha.coop আবেদনের শেষ তারিখ ৮ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট আপলোড করতে হবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**West Bengal Minorities' Development and Finance Corporation**

Amber, DD-27/E, Sector-I, Salt Lake City, Kolkata-700064

NOTICE

WBMDFC invites application from the interested candidate/student for online Registration at **Job Fair** to be held at **Milan Utsab** at Park Circus Maidan during 1st Feb to 4th Feb, 2019 at www.wbmdfc.org or mdfcapps.online/milan_utsav/ portal. For details please visit our website www.wbmdfc.org.

**Toll Free Helpline: 1800-120-2130** Sd/–Managing Director

**JAYAPRAKASH INSTITUTE OF SOCIAL CHANGE**

announces One Year Diploma Course on **GERIATRIC CARE**

*Training Hub Partner of*

**TATA INSTITUTE OF SOCIAL SCIENCES**

**SCHOOL OF VOCATIONAL EDUCATION**

- Certification by TISS-SVE.
- Theory Classes on Saturdays and Sundays.
- Eligibility Class X Pass.

Admission Open

**Application Forms and Brochures available :**

**Jayaprakash Institute of Social Change -**

**DD-18/4/1, Salt Lake City, Kolkata-64.**

**Ph No: +91 7044063891/ +91 6291516302/ +91 7003354719/ 033-2337-6695**

Application Deadline: 11th February, 2019. | For details, visit www.sve.tiss.edu

চাকরি/কাজ খুঁজছেন?

ভাবছেন দ্রুত কিভাবে?

২-৩ মাসের কোর্স করিয়ে হোটেল, ব্যাঙ্ক, বীমা, রিটেল - এর নিশ্চিত কর্মজগতে অতি দ্রুত প্রবেশ করার ব্যবস্থা করা হয়। কোর্স ফি মধ্যবিত্তের নাগালে।

যোগ্যতা: মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক, গ্র্যাজুয়েট

**ITI & Polytechnic**

(We have a tie up all India Placement Assistance)

Admission Open

অতি সত্বর যোগাযোগ:

ঝাড়গ্রাম: 9635238730 কৃষ্ণনগর: 9614894091
দুর্গাপুর: 9091044624 তারকেশ্বর: 9732628739
বাঁকুড়া: 7908793284 নৈহাটি: 8910194802
সিউড়ি: 9800189265 বর্ধমান: 9153722055
কল্যাণী: 9903740075 মেদিনীপুর: 9933514146

Single Minded Eduserve Pvt. Ltd.

Head Office: 58C Hindustan Park, Kolkata - 700029

Phone: 6291691563

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*মোটরের সাহায্য ছাড়াও আকাশে উড়ে বেড়ানো সম্ভব, কিন্তু জ্ঞান ও দক্ষতার মেলবন্ধন ছাড়া কাজটি একেবারেই সম্ভব নয়।*
*— উইলবার রাইট*
*(এরোপ্লেনের অন্যতম আবিষ্কারক)*

✓ *ফিজিক্স অনার্সের প্রথম বর্ষে পড়ছি। চাকরির প্রয়োজন রয়েছে। উচ্চমাধ্যমিক পরীক্ষার পর থেকেই চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা করছি। চাকরির খোঁজ দিলে উপকৃত হব।*

*কৃষ্ণেন্দু মাইতি, হালিশহর, উত্তর ২৪ পরগনা।*

□ উচ্চমাধ্যমিক যোগ্যতার কিছু চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। পরীক্ষার প্রস্তুতি নিয়েছেন কিছুদিন ধরে, তাতে সুবিধাই হবে। এবার চাকরির পরীক্ষাগুলিতে বসতে শুরু করুন।

***এখনই আবেদন করতে পারেন:*** ট্রেনিং দিয়ে ৩৯২জন অফিসার নিয়োগ করা হবে আর্মি, নেভি ও এয়ারফোর্সে। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরাই আর্মির চাকরির জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অন্যতম দুটি বিষয় হিসেবে ফিজিক্স ও ম্যাথমেটিক্স নিয়ে পড়লে নেভি ও এয়ারফোর্স শাখায় আবেদন করা যাবে। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিতে চলেছেন, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৯ জানুয়ারি সংখ্যায় 'তিন সামরিক বাহিনীতে কয়েকশো অফিসার এবং 'কর্মক্ষেত্র'-র এ সংখ্যায় 'তিন সামরিক বাহিনীতে ৩৯২ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৪ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in আপনি আবেদন করতে পারেন।

ট্রেনিং দিয়ে ৩৯২জন অফিসার নিয়োগ করা হবে আর্মি, নেভি ও এয়ারফোর্সে। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিকরাই আর্মির চাকরির জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অন্যতম দুটি বিষয় হিসেবে ফিজিক্স ও ম্যাথমেটিক্স নিয়ে পড়লে নেভি ও এয়ারফোর্স শাখায় আবেদন করা যাবে। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিতে চলেছেন, তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

***পরে আবেদন করতে পারবেন:*** উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট এক্সামিনার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন।

✓ *জিওগ্রাফির গ্র্যাজুয়েট। বর্তমানে এম এসসি পড়ছি প্রথম বর্ষে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের ডিপ্লোমা সম্পূর্ণ হয়েছে ডিসেম্বরে। চাকরির সুযোগ পেলে করব। এখনই কোন চাকরির জন্য আমি আবেদন করতে পারব?*

*গায়ত্রী পাল, সোদপুর, উত্তর ২৪ পরগনা।*

□ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** স্নাতকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে এবং সেইসঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের ডিপ্লোমা করা থাকলে যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরাই পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বিতরণ নিগমে অফিস এক্সিকিউটিভ পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২ জানুয়ারি সংখ্যায় 'রাজ্য বিদ্যুৎ বিতরণ নিগমে ১১৭৯ অফিস এক্সিকিউটিভ ও জুনিয়র অপারেটর টেকনিশিয়ান-কাম-টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ১৮ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbsedcl.in

দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিতে অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২ জানুয়ারি সংখ্যায় 'দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিতে ১৭৩' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২২ জানুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dda.org.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। স্নাতকে প্রথম শ্রেণির নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। ভালো প্রস্তুতি নিয়ে ব্যাঙ্কের ক্লার্ক বা প্রবেশনারি অফিসারের পরীক্ষাতে বসতে পারেন। সেক্ষেত্রে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের ক্লার্ক বা প্রবেশনারি অফিসার পদের যোগ্যতানির্ণায়ক পরীক্ষায় বসতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার নেই। স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষই প্রার্থী বাছাই করে থাকেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

✓ *আমি একজন তফসিলি জাতিভুক্ত তরুণ। উচ্চমাধ্যমিক পাশ করেছি ২০১৮-য়। বর্তমানে বি এ পড়ছি প্রথম বর্ষে। পারিবারিক আর্থিক পরিস্থিতি মোটেই ভালো নয়। আরও আড়াই বছর কীভাবে পড়াশোনা চালাব তাই নিয়ে দুশ্চিন্তায় আছি। এর চেয়ে কোনও প্রশিক্ষণ নিয়ে চাকরির চেষ্টা করাই ভালো মনে হচ্ছে। কম খরচে এরকম কোনও প্রশিক্ষণের ব্যবস্থা হতে পারে কি?*

*নাম প্রকাশে অনিচ্ছুক, সাঁতরাগাছি, হাওড়া।*

□ হাওড়া জেলায় বসবাসকারী তফসিলি তরুণদের নিখরচায় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভের চাকরির প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। এটি কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ। প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক তরুণরা এই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। প্রার্থীকে হাওড়া জেলার বাসিন্দা হতে হবে। প্রশিক্ষণ নেওয়ার কোনও খরচ নেই। এটি আবাসিক প্রশিক্ষণ। সংস্থার হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। হস্টেলে থাকা-খাওয়ার জন্য কোনও খরচ নেই। প্রশিক্ষণ শেষে পরীক্ষা হবে। পরীক্ষায় উত্তীর্ণরা ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্টের সার্টিফিকেট পাবেন। অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশনের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রশিক্ষার্থীদের বিভিন্ন নামী সংস্থায় চাকরির ব্যাপারে সহায়তা করা হবে। 'কর্মক্ষেত্র'-র ৯ জানুয়ারি সংখ্যায় 'নিখরচায় তফসিলিদের কাস্টমার কেয়ারের প্রশিক্ষণ হাওড়ায়' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। আপনি এই প্রশিক্ষণ নিয়ে সংশ্লিষ্ট চাকরির উপযোগী করে নিজেকে গড়ে নেওয়ার সুযোগটিকে কাজে লাগাতে পারেন। সাদা কাগজে লেখা একটি আবেদনপত্র এবং বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট সঙ্গে নিয়ে ২৫ জানুয়ারির মধ্যে যোগাযোগ করবেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, ধুলাগোড়ি, সাঁকরাইল, হাওড়া। সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করবেন। ফোন: ৯৭৪৮৪-০৭৯০০, ৮৯৮১১-৯৭০০৯।

## পেশাদারি কাজের উপযোগী দক্ষতা বৃদ্ধির ওপর জোর দিতেই হবে



রঞ্জিত চৌধুরী
প্রাক্তন অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হোটেল ম্যানেজমেন্ট, ক্যাটারিং টেকনোলজি অ্যান্ড অ্যাপ্লায়েড নিউট্রিশন (কলকাতা)

এই মুহূর্তে এদেশে পেশাদারি কাজের উপযোগী দক্ষতা অর্জনের শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। কারণ, আমাদের দেশে কর্মক্ষম লোকের অভাব না থাকলেও পেশাদারি কাজের উপযোগী দক্ষতার যথেষ্ট অভাব আছে এখনও।

একটা বিষয় লক্ষ করে দেখবেন, গত কয়েকবছর ধরে এদেশে ভোকেশনাল শিক্ষার প্রসারে গুরুত্ব দেওয়া হয়েছে। এখন ভোকেশনাল শাখায় স্নাতক ডিগ্রি পড়া যাচ্ছে। দেশের তরুণ-তরুণীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গঠিত হয়েছে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন।

খেয়াল করে দেখবেন, রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলিতে প্রচুর ছেলেমেয়েকে এখন অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হচ্ছে। অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং হল হাতে-কলমে কাজের প্রশিক্ষণ। আগে শুধু টেকনিক্যাল বিষয়ের ছাত্রছাত্রীদের জন্য অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের ব্যবস্থা করা হত। এখন অফিস ম্যানেজমেন্ট, সেক্রেটারিয়াল প্র্যাক্টিস, অ্যাকাউন্টিং প্রভৃতি ক্ষেত্রে সাধারণ শাখার গ্র্যাজুয়েটদেরও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেওয়া হচ্ছে।

তাহলে, একটা কথা বোঝা যাচ্ছে যে, এখনকার দিনে বিভিন্ন ক্ষেত্রে চাকরির জন্য ভিন্ন প্রকৃতির চাকরির উপযোগী দক্ষতার দরকার হবে।

ইঞ্জিনিয়ারিংয়ের বি ই বা বি টেক ডিগ্রিধারীরা যেমন দক্ষতাবৃদ্ধির উদ্যোগ নিতে পারেন, তেমন একজন ইলেক্ট্রিশিয়ান বা প্লাম্বার বা একজন পেন্টারও তাঁর দক্ষতা বাড়িয়ে নিতে পারেন। নিজের নিজের ট্রেডের কাজে দক্ষ হলে কিন্তু কাজ আছে।

আপনি স্বল্পশিক্ষিত হতে পারেন, কিন্তু উদ্যোগ নিয়ে যদি চাকরির উপযোগী কোনও হাতের কাজ শিখে নিতে পারেন, তবে আপনার সামনে কাজের জগতের দরজাটা খুলে যেতে পারে। আপনি অত্যাধুনিক একটি সেলাই মেশিন চালানোর প্রশিক্ষণ নিন, পোশাক প্রস্তুতকারী সংস্থায় আপনার চাকরি পাওয়ার সুযোগ তৈরি হবে। এভাবেই শিক্ষাগত যোগ্যতা অনুসারে আপনি রিটেল শিল্পে চাকরির উপযোগী প্রশিক্ষণ নিতে পারেন, আপনি অফিস প্র্যাক্টিসের কাজ শিখতে পারেন, তুখোড় স্টেনোগ্রাফি শিখতে পারেন, কম্পিউটার-সংক্রান্ত কোনও বিশেষ কাজ শিখতে পারেন।

এখন হোটেল শিল্পের রমরমা। উচ্চমাধ্যমিকের পরে হোটেল অ্যাডমিনিস্ট্রেশনের ডিগ্রি কোর্স পড়া যায় প্রবেশিকা পরীক্ষায় সফল হলে। আবার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক যোগ্যতায় ফুড অ্যান্ড বিভারেজ সার্ভিস, ফুড প্রোডাকশন অ্যান্ড প্যাটিসারি, ফ্রন্ট অফিস অপারেশন, হাউসকিপিং, ফুড প্রোডাকশন প্রভৃতির মতো কোর্স করা যায় সরকারি প্রতিষ্ঠানেই। হাতে-কলমেই শিখতে হয় কাজগুলো। দক্ষদের চাকরির বাজারও ভালো।

শেষে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, আপনি যখন কাজের উপযোগী করে নিজেকে গড়তে চাইছেন, তখন সেই উদ্যোগটা অত্যন্ত আন্তরিক হতে হবে। ফাঁকির কোনও জায়গা নেই। আপনি যদি প্রকৃতই আত্মবিশ্বাসের সঙ্গে বলতে পারেন, 'কাজটা আমি জানি' তবে আপনার সামগ্রিক প্রচেষ্টার মার নেই।

হাওড়া জেলায় বসবাসকারী তফসিলি তরুণদের নিখরচায় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভের চাকরির প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। এটি কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ। প্রশিক্ষণের মেয়াদ ৩ মাস। যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক তরুণরা এই প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। প্রার্থীকে হাওড়া জেলার বাসিন্দা হতে হবে। প্রশিক্ষণ নেওয়ার কোনও খরচ নেই।

✓ *মাধ্যমিক পরীক্ষা দিতে পারিনি পারিবারিক কারণে। বয়স ২২ বছর। স্কুলে পড়ার সময় নিয়মিত খেলাধুলা করেছি। স্বাস্থ্য ভালো। পরিশ্রমের কাজে ভীত নই। চাকরির খবর জানাবেন।*

*সঞ্জয় মণ্ডল, গোবরডাঙা, উত্তর ২৪ পরগনা।*

□ পশ্চিমবঙ্গের গ্রুপ 'ডি' পদগুলির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন ভালো করে।

***এখনই আবেদন করতে পারেন:*** খড়দহ পুরসভার ২২জন মজদুর নেবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৯ জানুয়ারি সংখ্যায় 'খড়দহ পুরসভায় পাম্প অপারেটর ও মজদুর' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.khardahmunicipality.in ফি বাবদ ২৫০ টাকার ডিমান্ড ড্রাফট ও প্রয়োজনীয় অন্যান্য নথিপত্র-সহ দরখাস্ত ২৪ জানুয়ারির মধ্যে ডাকে বা রেজিস্টার্ড পোস্ট বা ক্যুরিয়রে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Khardah Municipality, 21,B.T.Road, Khardah, P.O.-Khardah, Dist.- North 24 Parganas, PIN : 700 117. এই ঠিকানায় রাখা ড্রপবক্সেও সরাসরি দরখাস্ত জমা দেওয়া যাবে।

***পরে আবেদন করতে পারবেন:*** এ রাজ্যের গ্রুপ 'ডি'-র অন্তর্ভুক্ত পদগুলিতেই আপনি আবেদন করতে পারবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### গার্ডেনরিচ শিপবিল্ডার্সে মেরিন ইঞ্জিনিয়ারিংয়ের প্রি-সি ট্রেনিং কোর্স



এক বছরের মেরিন ইঞ্জিনিয়ারিং প্রি-সি ট্রেনিং (টি এম ই/জি এম ই) কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। কোর্সটি ভারত সরকারের দ্য ডিরেক্টোরেট জেনারেল অব শিপিং কর্তৃক স্বীকৃত। কোর্স শুরু হবে মার্চে।

**আসনসংখ্যা:** ৫০টি। **শিক্ষাগত যোগ্যতা:** এ আই সি টি ই বা ইউ জি সি কর্তৃক স্বীকৃত শিক্ষাপ্রতিষ্ঠান থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ন্যাভাল আর্কিটেকচার বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক অথবা স্নাতক স্তরে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৩-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**কোর্স ফি:** ১,৮২,০০০ টাকা। তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে ১,৭২,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল ইয়ারে (সপ্তম ও অষ্টম সেমেস্টার) প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.grse.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

#### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓ফি বাবদ ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Garden Reach Shipbuilders & Engineers Ltd.'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। তফসিলি প্রার্থীদের কোনও ফি লাগবে না।
- ✓প্রার্থীর পাসপোর্ট মাপের এক কপি ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্যারালাল এন্ট্রির প্রার্থীদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিক ও ডিপ্লোমার সার্টিফিকেট ও মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থী যে প্রতিষ্ঠানে পড়াশোনা করেছেন, সেই প্রতিষ্ঠানের প্রধানের দ্বারা নির্দিষ্ট বয়ানে সেই শিক্ষা প্রতিষ্ঠানটির এ আই সি টি ই বা ইউ জি সি দ্বারা বৈধতার প্রমাণপত্র।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: In-charge (TTC), GRSE Ltd, 5, R.N. Tagore Road, Kolkata-700 056. আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ প্রতিষ্ঠানের তরফে জানানো হয়নি। তাই যত দ্রুত সম্ভব আবেদনপত্র পাঠান।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৫৬৪-৭১৪৪।

### গাঁধিনগর আই আই টি-তে স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



সোসাইটি অ্যান্ড কালচারের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে গাঁধিনগরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আই আই টি)-হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্স বিভাগ। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ যে-কোনও শাখায় স্নাতক। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য।

কোর্স চলাকালীন স্কলারশিপ বাবদ নির্দিষ্ট মাসিক ৫,০০০ টাকা দেওয়া হবে। সেমেস্টার পিছু স্কলারশিপ পুনর্নবীকরণ করা হবে। হস্টেলে থাকার সুবিধা আছে।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে একটি লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার তারিখ ২ ও ৩ মার্চ। পরীক্ষাকেন্দ্র গাঁধিনগর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iitgn.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১০ ফেব্রুয়ারি। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ই- মেল আই ডি-তে: inquiry.masc@iitgn.ac.in

### এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পুনের বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা সি-ম্যাট বা বা এইমস টেস্ট ফর ম্যানেজমেন্ট অ্যাডমিশন (এ টি এম এ) বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট— যে-কোনও একটি জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন। সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। প্রাথমিকভাবে প্রার্থীদের বাছাই করা হবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিতদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে।

আবেদন করা যাবে অফলাইন-অনলাইন উভয়ব্যবস্থাতেই। অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vamnicom.gov.in এ ছাড়া আবেদনের ফর্ম ডাউনলোড করে নিতে পারেন উপরোক্ত ওয়েবসাইট থেকেই। অনলাইনে সাবমিট করা আবেদনপত্রের প্রিন্ট আউট অথবা হাতে লিখে পূরণ করা আবেদনপত্রটি পাঠাতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

ফি বাবদ ৫০০ টাকা। অনলাইনে আবেদনপত্র পূরণ করলে ফি দিতে হবে অনলাইনেই। অফলাইনের ক্ষেত্রে ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'The Director, VAMNICOM, Pune'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা আবেদনপত্র বা তার প্রিন্ট আউট ৩১ মার্চের মধ্যে পৌঁছতে হবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্দিষ্ট ঠিকানায়।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### ব্রিটিশ কাউন্সিল স্কলারশিপ ২০১৯-২০

ব্রিটেনের কোনও বিশ্ববিদ্যালয়ে সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং এবং ম্যাথমেটিক্সের মধ্যে যে-কোনও একটি শাখায় পোস্ট-গ্র্যাজুয়েশন করতে আগ্রহী ছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে ব্রিটিশ কাউন্সিল। স্কলারশিপ বাবদ টিউশন ফিয়ের পুরো খরচ দেওয়া হবে।

**আবেদনের যোগ্যতা:** ব্রিটেনের কোনও বিশ্ববিদ্যালয়ে এক বছর বা দু'বছরের মাস্টার্স কোর্সে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/BCY1 আবেদনের শেষ তারিখ ৩১ জানুয়ারি।

### আই আই এম ক্যালকাটা ফেলোশিপ ২০১৯

ইকনমিক্স, ফিনান্স অ্যান্ড কন্ট্রোল, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম, মার্কেটিং, অপারেশনস ম্যানেজমেন্ট, অর্গানাইজেশনাল বিহেভিয়ার, পাবলিক পলিসি অ্যান্ড ম্যানেজমেন্ট, রিজিওনাল ডেভেলপমেন্ট, সোশিওলজি এবং স্ট্র্যাটেজিক ম্যানেজমেন্টের মধ্যে যে-কোনও একটি বিষয়ে ডক্টরেট করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের ফেলোশিপ দিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, ক্যালকাটা।

**আবেদনের যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে ৬০ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি বা ৫০ শতাংশ নম্বর-সহ সি এ বা ৫৫ শতাংশ নম্বর-সহ সি এস বা সি এম এ। সেই সঙ্গে স্নাতকস্তরে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ৬০ শতাংশ নম্বর-সহ ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর্স ডিগ্রি থাকলেও আবেদনের যোগ্য। সবক্ষেত্রেই মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**ফেলোশিপের পরিমাণ:** প্রথম বছরে স্টাইপেন্ড বাবদ প্রতি মাসে ৩০ থেকে ৩৫ হাজার টাকা, সঙ্গে কন্টিনজেন্সি গ্রান্ট হিসেবে এক কালীন ৬৫,০০০ টাকা দেওয়া হবে। এ ছাড়া প্রতি মাসে ২৫,০০০ টাকা। এর পাশাপাশি দেওয়া হবে ফিল্ড রিসার্চের জন্য ৫০,০০০ টাকা এবং টিচিং অ্যাসিস্ট্যান্টশিপ হিসেবে প্রতি মাসে ১১,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/ICF2 আবেদনের শেষ তারিখ ২৭ জানুয়ারি।

### উই টেক গোল্ডম্যান স্যাকস গ্লোবাল স্কলারশিপ অ্যান্ড মেন্টরশিপ প্রোগ্রাম ২০১৮-১৯

ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন, কমিউনিকেশন ও টেকনোলজি সম্পর্কিত বিষয়ে স্নাতক কোর্সে পাঠরত ৪৫ জন ছাত্রীকে কেরিয়ার বিষয়ে পরামর্শ প্রদানের জন্য ৬ মাসের একটি মেন্টরশিপ প্রোগ্রামের আয়োজন করেছে ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এডুকেশন। প্রোগ্রামটি গোল্ডম্যান স্যাকস ব্যাঙ্কের সঙ্গে যৌথ উদ্যোগে পরিচালনা করা হবে। ১০ জন ছাত্রীকে স্টাইপেন্ড বাবদ দেওয়া হবে দেড় হাজার আমেরিকান ডলার।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক কোর্সের দ্বিতীয় বা তৃতীয় বর্ষে পাঠরত ছাত্রীরা আবেদনের যোগ্য। ইংরেজিতে সাবলীলভাবে কথাবার্তার দক্ষতা থাকতে হবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/WGS2 আবেদনের শেষ তারিখ ৩১ জানুয়ারি।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## এক নজরে

### হুগলি জেলা আদালতে ক্লার্ক গ্রুপ 'ডি' ও স্টেনোগ্রাফার

৩৬ জন লোয়ার ডিভিশন ক্লার্ক, গ্রুপ 'ডি' ও ইংলিশ স্টেনোগ্রাফার নেবে হুগলি জেলা আদালত। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১/২০১৮।

**শূন্যপদের বিন্যাস: লোয়ার ডিভিশন ক্লার্ক:** ১৭টি (সাধারণ-ই সি ১, সাধারণ-খেলোয়াড় ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-ই সি ৩, তফসিলি উপজাতি ১, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ ৩, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

**গ্রুপ ডি (পিওন/ফরাস/ডেগার্ড/নাইটগার্ড):** ১৩টি (সাধারণ ৪, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, সাধারণ-ই সি ১, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি-ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। **বেতনক্রম:** ৪,৯০০-১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা।

**ইংলিশ স্টেনোগ্রাফার:** ৬টি (সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি-ই সি ১, ও বি সি-এ-ই সি ১, ও বি সি-বি-ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে কম্পিউটারের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। এ ছাড়া মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ড এবং মিনিটে ৩০টি শব্দের গতিতে টাইপ করার দক্ষতা থাকতে হবে। **বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৯০০ টাকা।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লোয়ার ডিভিশন ক্লার্কের ক্ষেত্রে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে ইংলিশ, জেনারেল স্টাডিজ ও এরিথমেটিক বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। মোট নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন হবে ইংলিশ ও বাংলা বিষয়ে। মোট নম্বর ৫০। সময় ১ ঘণ্টা।

গ্রুপ 'ডি' পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এরিথমেটিক, ইংলিশ, বাংলা ও জেনারেল নলেজ বিষয়ে। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা।

ইংলিশ স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে তিন পর্যায়ে— লিখিত পরীক্ষা, ডিক্টেশন ও ট্রান্সক্রিপশন এবং টাইপিং। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় ইংলিশ বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ৪০০ নম্বরের ডিক্টেশন ও ট্রান্সক্রিপশনের পরীক্ষায় ৬ মিনিট ধরে শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন ১ ঘণ্টার মধ্যে হাতে লিখতে হবে। ১০০ নম্বরের টাইপিংয়ের পরীক্ষায় মিনিটে অন্তত ৩০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে কম্পিউটারে টাইপ করতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.calcuttahighcourt.gov.in, www.districts.ecourts.gov.in/hooghly, www.hooghly.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় জে পি জি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো (২০ কেবি), সই (২০ কেবি) এবং প্রয়োজনীয় নথিপত্র (১০০ কেবি) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ক্লার্ক ও স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা) এবং গ্রুপ 'ডি' পদের ক্ষেত্রে ২৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং পদ্ধতিতে অথবা নগদে চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। চালানের প্রিন্ট আউট পাবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। সবক্ষেত্রেই ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### উত্তর ২৪ পরগনায় ডেটা এন্ট্রি অপারেটর

ডেটা এন্ট্রি অপারেটর পদে ৪ জনকে নেবে উত্তর চব্বিশ পরগনার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অ্যান্ড কালেক্টর অফিস। চুক্তিতে নিয়োগ হবে জেলার বিভিন্ন ট্রেজারি অফিসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 14/Gr-'C'/ESTT.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.north24parganas.gov.in প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্ত ২৫ জানুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কোচবিহারে স্বাস্থ্যকর্মী

ম্যালেরিয়া টেকনিক্যাল সুপারভাইজর, ল্যাবরেটরি টেকনিশিয়ান, লেডি কাউন্সেলর-সহ বিভিন্ন পদে ১৮ জনকে নেবে কোচবিহার জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ করা হবে ন্যাশনাল হেলথ মিশনের অন্তর্গত বিভিন্ন প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/163/19.

শূন্যপদের বিবরণ: ম্যালেরিয়া টেকনিক্যাল সুপারভাইজর: ৩টি, ল্যাবরেটরি টেকনিশিয়ান: ৩টি, ল্যাব টেকনিশিয়ান: ১টি, লেডি কাউন্সেলর: ২টি, মেডিক্যাল অফিসার (থ্যালাসেমিয়া ইউনিট): ১টি, জি এন এম (থ্যালাসেমিয়া ইউনিট): ১টি, জি এন এম: ২টি, প্রোগ্রাম অফিসার: ১টি, সাইকিয়াট্রিক নার্স: ১টি, ব্লক অ্যাকাউন্টস ম্যানেজার: ১টি, অ্যাকাউন্ট পার্সোনেল: ১টি, সহায়িকা অ্যাটেন্ড্যান্ট: ১টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ জানুয়ারি। পূরণ করা অনলাইন দরখাস্তের প্রিন্ট আউট-সহ প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল এবং ফি বাবদ ডিমান্ড ড্রাফট জমা দিতে হবে নির্দিষ্ট ঠিকানায় ২৫ জানুয়ারির মধ্যে।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.coochbehar.gov.in

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০১৯'-এর মাধ্যমে এয়ারফোর্সে অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —সত্যব্রত পালচৌধুরি, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০১৯'-এর মাধ্যমে এয়ারফোর্সে অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। এর পাশাপাশি, ন্যূনতম উচ্চতা হতে হবে ১৬২.৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। ৫ সেমি ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে অন্তত ৮১ সেমি। এ ছাড়া দৃষ্টিশক্তি ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৬ ও ৬/৯ (দূরের) থাকতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে চশমা থাকলে চলবে না এবং যাঁদের হাইপার-মেট্রোপিয়া শুধু তাঁদের ক্ষেত্রেই ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। এয়ারফোর্সে পাইলটের জন্য বিবেচিত হওয়ার ক্ষেত্রে পায়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৯৯ সেমি (সর্বোচ্চ ১২০ সেমি), থাইয়ের দৈর্ঘ্য হতে হবে সর্বাধিক ৬৪ সেমি এবং বসে থাকা অবস্থায় উচ্চতা চাই অন্তত ৮১.৫ সেমি (সর্বোচ্চ ৯৬ সেমি)। রং চেনার ক্ষমতা সি পি ওয়ান মানের হতে হবে। ওয়েবসাইট: www.upsconline.nic.in

## রেল

□ *ভারতীয় রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —ধীমান চক্রবর্তী, তমলুক, পূর্ব মেদিনীপুর।*

□□ ভারতীয় রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নির্দিষ্ট বিভিন্ন শাখার যে-কোনও একটিতে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি বা ডিপ্লোমা। ইঞ্জিনিয়ারিং শাখাগুলি হল: মেকানিক্যাল, প্রোডাকশন, অটোমোবাইল, ম্যানুফ্যাকচারিং, মেকাট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল, মেশিনিং, টুলস অ্যান্ড মেশিনিং, টুলস অ্যান্ড ডাই মেকিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি। প্রার্থী বাছাই হবে দুই পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষা, নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। প্রথম পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল সায়েন্স। সময়সীমা দেড় ঘণ্টা। প্রিলিমিনারি পরীক্ষা একটি স্ক্রিনিং টেস্ট। এই পরীক্ষায় পাশ করলে দ্বিতীয় পর্বের পরীক্ষায় বসার ডাক পাওয়া যাবে। দ্বিতীয় পর্বের কম্পিউটারভিত্তিক পরীক্ষাও অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধরনের। এক্ষেত্রে ১৫০টি প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়ারনেস, ফিজিক্স ও কেমিস্ট্রি, কম্পিউটার বেসিকস, এনভায়রনমেন্ট অ্যান্ড পলিউশন কন্ট্রোল এবং সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয় থেকে। সময়সীমা ২ ঘণ্টা। দুই পরীক্ষাতেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

## কোর্স, ট্রেনিং

□ *ভোপালের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেস্ট ম্যানেজমেন্টে ফরেস্ট্রি ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —শান্তনু পাল, হাটখোলা, নদিয়া।*

□□ ফরেস্ট্রি ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ভোপালের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেস্ট ম্যানেজমেন্ট। আসনসংখ্যা ১২০। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ২০১৮-র ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) বা ২০১৯-এর জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে ২০১৯-র ৩০ জুনের মধ্যে ফাইনাল মার্কশিট দাখিল করতে হবে। কোর্স ফি: ৬,২৪,০০০ টাকা। তফসিলিদের ক্ষেত্রে ৩,৭৪,৪০০ টাকা। প্রাথমিকভাবে ক্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iifm.ac.in ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। পূরণ করা আবেদনপত্রের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট ও ই-রিসিপ্ট ২০ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Chairperson, Admissions, Indian Institute of Forest Management, Nehru Nagar, Bhopal-462 003.

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন কোর্স পড়তে চাই। বিস্তারিত জানাবেন। —চন্দনা ব্যানার্জি, ঢোলা, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ শারীরশিক্ষার স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ২ বছর। আসনসংখ্যা ৫০। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ বা ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন বা স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়া দ্বারা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। স্নাতক স্তরে প্রার্থীকে আবশ্যিক বা ঐচ্ছিক বিষয় হিসেবে ফিজিক্যাল এডুকেশন পড়ে থাকতে হবে। অন্যথায়, স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় বা আন্তঃরাজ্য ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকতে হবে অথবা স্বীকৃত কোনও আন্তঃকলেজ বা আন্তঃআঞ্চলিক বা জেলা বা স্কুল স্তরের ক্রীড়া-প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে স্বীকৃত কোনও জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় স্তরের ক্রীড়া প্রতিযোগিতায় প্রথম বা দ্বিতীয় বা তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে। অথবা ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ৩ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ৪৫ নম্বর-সহ ফিজিক্যাল এডুকেশনে ব্যাচেলর্স ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করা হবে প্র্যাক্টিক্যাল টেস্ট, শিক্ষাগত যোগ্যতা এবং লিখিত পরীক্ষার মাধ্যমে। নির্বাচিত প্রার্থীদের তালিকা ৩০ জানুয়ারি প্রকাশিত হবে। মহিলা প্রার্থীদের প্র্যাক্টিক্যাল টেস্ট ৭ ফেব্রুয়ারি। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Registrar, Jadavpur University'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। পূরণ করা আবেদনপত্র ২৪ জানুয়ারির মধ্যে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: Office of the Dean & Secretary, Faculty Council of Arts (U.G. Arts Building), Jadavpur University, 188, Raja S.C. Mullick Road, Kolkata 700 032.

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রেডিও প্রোডাকশনসের সার্টিফিকেট কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —ঝিলম মিত্র, চৈতন্যপুর, মুর্শিদাবাদ।*

□□ রেডিও প্রোডাকশনসের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব মিডিয়া কমিউনিকেশন অ্যান্ড কালচার। এই কোর্সটি ইউ জি সি দ্বারা অনুমোদিত। কোর্স শুরু হবে ১৫ ফেব্রুয়ারি থেকে। কোর্সের মেয়াদ ছয় মাস। এটি একটি সান্ধ্য কোর্স। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্স ফি: ১৫,০০০ টাকা (জি এস টি-সহ)। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা ২ ফেব্রুয়ারি দুপুর ২টো থেকে। ইন্টারভিউ হবে ৮ ফেব্রুয়ারি দুপুর ১২টা থেকে। আবেদনের ফর্ম নগদে ৫০ টাকার বিনিময়ে যে-কোনও কাজের দিন সংগ্রহ করতে হবে বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে। ফর্ম সংগ্রহের শেষ তারিখ ৩০ জানুয়ারি। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৩১ জানুয়ারির মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: স্কুল অব মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড কালচার, গ্রাউন্ড ফ্লোর, ইউ জি আর্টস বিল্ডিং, যাদবপুর বিশ্ববিদ্যালয়। ওয়েবসাইট: www.jaduniv.edu.in

## অন্যান্য চাকরি

□ *দিল্লি হাইকোর্টে জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —শুভময় সাহা, ঝাড়গ্রাম।*

□□ দিল্লি হাইকোর্টে জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্সে অনার্স-সহ বি এসসি অথবা কম্পিউটার সায়েন্সে বি এসসি বা এম এসসি বা বি টেক বা এম টেক। অথবা বি সি এ বা এম সি এ। দেখুন এই ওয়েবসাইট: http://delhihighcourt.nic.in

□ *যোধপুর এইমসে স্টোরকিপার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রিয়ব্রত করগুপ্ত, পাণ্ডবেশ্বর, পশ্চিম বর্ধমান।*

□□ যোধপুর এইমসে স্টোরকিপার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে মেটেরিয়ালস ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা মেটেরিয়ালস ম্যানেজমেন্টে স্নাতক, সঙ্গে স্টোর হ্যান্ডলিংয়ের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেডিক্যাল স্টোর্সে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে। সময়সীমা ৩ ঘণ্টা। ২ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsjodhpur.edu.in

□ *দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিতে স্টেনোগ্রাফার গ্রেড ডি পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —ইন্দ্র সরকার, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

□□ দিল্লি ডেভেলপমেন্ট অথরিটিতে স্টেনোগ্রাফার গ্রেড ডি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ৮০টি শব্দের দ্রুততা থাকতে হবে। এই গতিতে ১০ মিনিট ধরে নেওয়া ডিক্টেশন ইংরেজিতে ৫০ মিনিটে ও হিন্দিতে ৬৫ মিনিটে কম্পিউটারে লেখার দক্ষতা থাকতে হবে। অফিস ম্যানেজমেন্ট ও সেক্রেটারিয়াল প্র্যাক্টিসে ডিপ্লোমা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউ, কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট এবং স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। ১২০ নম্বরের অনলাইন পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, জেনারেল অ্যাওয়ারনেস এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ বিষয়ে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.dda.org.in

□ *ভারতীয় নৌবাহিনীতে সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রির মাধ্যমে খেলোয়াড় পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত ও খেলাধুলার যোগ্যতা থাকা প্রয়োজন? —জয়ন্ত মণ্ডল, পাঁচপাড়া, হাওড়া।*

□□ ভারতীয় নৌবাহিনীতে সিনিয়র সেকেন্ডারি রিক্রুটস এন্ট্রির মাধ্যমে খেলোয়াড় পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। খেলাধুলার যোগ্যতা: আন্তর্জাতিক বা জাতীয় বা রাজ্য স্তরে অংশগ্রহণ করে থাকতে হবে। আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে থাকলেও আবেদন করা যাবে। দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

নাম : ..............................
ঠিকানা : ..............................
..............................
..............................
আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:
চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯
ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়:
karmakshetra@swarnakshar.in
পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়:
www.facebook.com/karmakshetra

## সংরক্ষণ তো হল, কিন্তু চাকরি কোথায় সরকারি ক্ষেত্রে?

জেনারেল ক্যাটেগরির আর্থিক ভাবে পিছিয়ে পড়া অংশের জন্য কেন্দ্রীয় সরকার চাকরি ক্ষেত্রে ১০ শতাংশ আসন সংরক্ষণের সিদ্ধান্ত নিয়েছে। আর্থিক ভাবে পিছিয়ে থাকা শ্রেণির নতুন সংজ্ঞাও নির্ধারিত করেছে মোদী সরকার। রাজনৈতিক মহল নরেন্দ্র মোদী সরকারের এই সিদ্ধান্তকে লোকসভা ভোটের আগে জনমনোরঞ্জনের কৌশল হিসেবে দেখছে। কিন্তু আমরা যারা চাকরিপ্রার্থী, বেকার যুবক, তাঁদের কাছে এই সংরক্ষণ বাস্তবে আদৌ কী আশার বাণী বয়ে আনল, তা নিয়ে সংশয় রয়েই যাচ্ছে। আশঙ্কা বাড়িয়েছে খোদ কেন্দ্রীয় সরকারের নিয়োগ নীতি। তারাই জানিয়েছে, গত কয়েকবছর ধরেই কেন্দ্রের দপ্তরগুলিতে কর্মী নিয়োগ একপ্রকার তলানিতে। ফলে, প্রধানমন্ত্রী যতই সংরক্ষণের কথা বলুন না কেন, সরকারি চাকরিতে উচ্চবর্ণের গরিব মেধাবীদের সংরক্ষণের সুবিধা পাওয়া আদতে সোনার পাথরবাটি হয়ে দাঁড়াতে পারে।

**দু'বছর আগেই বেতন কমিশন পরিসংখ্যান দিয়ে তুলে ধরেছিল কী ভাবে কেন্দ্রীয় সরকারের দপ্তরগুলিতে বছর বছর কর্মী কমছে।১৯৯৪ সালে কেন্দ্রীয় সরকারি কর্মীর সংখ্যা ছিল ৪১ লাখ ৭৬ হাজার, ২০০৬-এ কমে দাঁড়ায় ৩৭ লাখ ১০ হাজার এবং ২০১৪ সালে ৩৩ লাখ ২ হাজার। এমনকী অনুমোদিত পদেও নিয়োগ থমকে আছে দীর্ঘদিন।**

এর আগে ও বি সি প্রার্থীদের জন্য কেন্দ্রীয় সরকারের চাকরি ও শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে ২৭ শতাংশ সংরক্ষণ চালুকে কেন্দ্র করে দেশে অস্থিরতা তৈরি হলেও বাস্তবে দেখা যায়, নতুন নিয়োগ একপ্রকার বন্ধই হয়ে আছে। মোট কর্মীর বড় জোর এক শতাংশ কিংবা প্রতি বছর যত কর্মচারী অবসর নেন, তার মাত্র তিন শতাংশ পদে নিয়োগের অনুমতি আছে কেন্দ্রীয় মন্ত্রকগুলির। প্রতি পাঁচ বছর অন্তর ১০ শতাংশ হারে কর্মী কমিয়ে আনা সরকারের উদ্দেশ্য বলে সপ্তম বেতন কমিশনকে জানিয়েছিল কেন্দ্র। বর্তমানে একান্ত জরুরি পরিস্থিতিতে চুক্তিতে লোক নিয়ে কাজ চালাচ্ছে বিভিন্ন অফিস।

দু'বছর আগেই বেতন কমিশন পরিসংখ্যান দিয়ে তুলে ধরেছিল কীভাবে কেন্দ্রীয় সরকারের দপ্তরগুলিতে বছর বছর কর্মী কমছে। ১৯৯৪ সালে কেন্দ্রীয় সরকারি কর্মীর সংখ্যা ছিল ৪১ লাখ ৭৬ হাজার, ২০০৬-এ কমে দাঁড়ায় ৩৭ লাখ ১০ হাজার এবং ২০১৪ সালে ৩৩ লাখ ২ হাজার। এমনকী অনুমোদিত পদেও নিয়োগ থমকে আছে দীর্ঘদিন। সরকারি পরিসংখ্যান অনুসারে, ২০০৬-এ অনুমোদিত পদের সংখ্যা ছিল ৩৮.২৫ লাখ, কার্যক্ষেত্রে ছিল ৩২.৭৪ লাখ, ২০১০-এ যথাক্রমে এই সংখ্যা ছিল ৩৮.৯২ লাখ ও ৩২.৩১ লাখ। ২০১৪ সালে অনুমোদিত পদের সংখ্যা যেখানে ৪০.৪৯ লাখ, সেখানে বাস্তবে রয়েছে ৩৩.০২ লাখ। সংবাদে প্রকাশ, অনুমোদিত পদ ও বাস্তবের সংখ্যার এই ফারাক ক্রমশ বাড়ছে। কর্মীর সংখ্যা আরও কমছে। পরিস্থিতি এমন দাঁড়িয়েছে যে কেন্দ্রীয় সরকারের বহু অফিসেই এখন চুক্তিভিত্তিক কর্মী প্রায় ৫০ শতাংশ, যাঁদের ক্ষেত্রে সংরক্ষণ বিধি কার্যকরই নয়।

দেশজুড়ে কেন্দ্রীয় স্তরে কর্মের সংস্থানেরই যখন কোনও দিশা নেই, নিয়োগ প্রায় থমকে গিয়েছে, তখন উচ্চবর্ণের এই সংরক্ষণ আমাদের কাছে নতুন কোনও আশার আলো দেখাতে ব্যর্থই হল বলা যায়।

স্বর্ণাভ রায়, বারিকুল, বাঁকুড়া।

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কোস্টগার্ডে নাবিক

*প্রথম পাতার পর*

খারাপ চোখে ৬/৯ হতে হবে। চশমা ব্যবহারকারীরা আবেদন করবেন না।

**বয়স:** ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-৮-১৯৯৭ থেকে ৩১-৭-২০০১-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। মার্চ-এপ্রিল মাসে প্রার্থী বাছাই প্রক্রিয়া শুরু হবে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র হলদিয়া। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পরীক্ষায় থাকবে উচ্চমাধ্যমিক স্তরের অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি ও ইংরেজি। এছাড়াও থাকবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও রিজনিং। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২ দিন ধরে।

সফল প্রার্থীদের প্রথমে প্রশিক্ষণ হবে। ট্রেনিং শুরু হবে জুলাই-অগস্ট মাসে। আই এন এস চিলিকায় বেসিক ট্রেনিং হবে। তার পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে নাবিক (জেনারেল ডিউটি) পদে। শুরুতে বেতন ২১,৭০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান অধিকারী র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন শুরুতে বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকা চাই। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে) ও সই (জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর অ্যাপ্লিকেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি লিখে রাখবেন। এই নম্বরের সাহায্যে ১১ থেকে ২১ ফেব্রুয়ারির মধ্যে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমে। ই-অ্যাডমিট কার্ডের অন্তত তিন কপি প্রিন্ট আউট নেবেন। তিনটি কপিতেই যথাস্থানে নিজের পাসপোর্ট মাপের রঙিন ফটো (নীল ব্যাকগ্রাউন্ড) সাঁটবেন এবং নির্দিষ্ট জায়গায় সই করবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। পরীক্ষাকেন্দ্রে নিয়ে যেতে হবে।

## পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন

- ✓পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট।
- ✓তিন কপি ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউট।
- ✓১০ কপি পাসপোর্ট মাপের ফটো।
- ✓জন্মতারিখের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓পাসপোর্ট, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড, স্কুল বা কলেজের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচিতিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓ডোমিসাইল সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল সিডস কর্পোরেশনে ২৪৭ ট্রেনি

*প্রথম পাতার পর*

ইংরেজিতে প্রতি মিনিটে ১০০টি শব্দ লেখার গতি এবং কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কোয়ালিটি কন্ট্রোল: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি।

বয়স: ৯-২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১৮,৪৯৬ টাকা।

**ট্রেনি মেট:** এগ্রিকালচার: ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচার শাখায় উচ্চমাধ্যমিক পাশ। অথবা বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ, উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে বায়োলজি পড়ে থাকতে হবে। এগ্রিকালচার-সম্পর্কিত কাজে জ্ঞান ও অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৯-২-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১৭,৯৫২ টাকা।

**ম্যানেজমেন্ট ট্রেনি:** প্রোডাকশন: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে বি এসসি, সঙ্গে এগ্রিবিজনেস ম্যানেজমেন্টে এম বি এ। অথবা অ্যাগ্রোনমি বা সিড টেকনোলজি বা প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্সে স্পেশ্যালাইজেশন এবং ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি। মার্কেটিং: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে বি এসসি, সঙ্গে মার্কেটিং বা এগ্রিবিজনেস ম্যানেজমেন্টে এম বি এ বা স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি। কোয়ালিটি কন্ট্রোল: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: অ্যাগ্রোনমি বা সিড টেকনোলজি বা প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্সে স্পেশ্যালাইজেশন এবং মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে এম এসসি।

বয়স: ৯-২-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। স্টাইপেন্ড প্রতি মাসে ৪৩,৫২০ টাকা।

সব ক্ষেত্রেই এম এস অফিস ব্যবহারের জ্ঞান থাকতে হবে।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীরা বয়সের ছাড় পাবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.indiaseeds.com আবেদনের শেষ তারিখ ৯ ফেব্রুয়ারি।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা মেট্রো রেলে ট্রেড অ্যাপ্রেন্টিস

৬৩ জন ট্রেড অ্যাপ্রেন্টিস নেবে কলকাতা মেট্রো রেলওয়ে। অ্যাপ্রেন্টিসশিপ অ্যাক্ট, ১৯৬১ এবং অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৬২ অনুসারে ট্রেনিং দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019/Metro Railway/Kolkata.

ট্রেড অনুসারে আসনসংখ্যার বিবরণ: **ফিটার:** ৩৯টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১, দৈহিক প্রতিবন্ধী ১, প্রাক্তন সমরকর্মী ২)। **ইলেক্ট্রিশিয়ান:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। **মেশিনিস্ট:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়েল্ডার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **প্লাম্বার:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে এন সি ভি টি দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অ্যাপ্রেন্টিস হিসেবে প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে: www.apprenticeship.gov.in রেজিস্ট্রেশন নম্বরটি লিখে রাখবেন। এরপর আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.mtp.indianrailways.gov.in আবেদনপত্রটি নিজের হাতে লিখে পূরণ করবেন।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর দু'কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। এর মধ্যে একটি ফটো আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং সেটিকে গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করিয়ে নেবেন। অন্য ফটোটিকেও গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত করিয়ে কল লেটারের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ক্রসড ইন্ডিয়ান পোস্টাল অর্ডার। ফি FA & CAO, Metro Railway, Kolkata-র অনুকূলে জি পি ও/কলকাতা-এ প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত এবং আর্থিকভাবে পিছিয়ে থাকা প্রার্থীদের কোনও ফি লাগবে না।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা, ৫ টাকার ডাকটিকিট সাঁটানো ১১×৫ ইঞ্চি মাপের দু'টি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র-ভরা খামের উপর বিজ্ঞপ্তি নম্বর-সহ লিখবেন: "Application for Metro Railway" আবেদনপত্র ডাকে পাঠাতে হবে এই ঠিকানায়: Dy. Chief Personnel Officer, Metro Rail Bhavan, 33/1, J. L. Nehru Road, Kolkata-700 071. এছাড়া দরখাস্ত যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৬টার মধ্যে সরাসরি জম দিতে পারেন মেট্রো রেল ভবনের পি আর ও অফিসে রাখা ড্রপবক্সে। সব ক্ষেত্রেই আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ৭ ফেব্রুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগে ইঞ্জিনিয়ার

অ্যাসিস্ট্যান্ট ও সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে ১৯ জনকে নেবে রাজ্যের উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর। ছয় মাসের চুক্তিতে নিয়োগ হবে সিভিল এবং ইলেক্ট্রিক্যাল শাখায়। ভালো কাজের নিরিখে চুক্তির মেয়াদ বাড়তে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 58/NBDD/BS.

শূন্যপদের বিবরণ: সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: সিভিল: ১০টি, ইলেক্ট্রিক্যাল: ৪টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২০,০০০ টাকা।

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল): ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স; ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৪ ও ২৫ জানুয়ারি।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.wbnorthbengaldev.gov.in প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত ১৮ জানুয়ারির মধ্যে জমা দিতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভিলাই স্টিল প্ল্যান্টে ১১৬ ট্রেনি

*প্রথম পাতার পর*

ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড অটোমেশন: ১৫টি। ইলেক্ট্রিক্যাল: ১৫টি। ইলেক্ট্রনিক্স: ৫টি। মেকানিক্যাল: ৩৫টি। মেটালার্জি: ৩৫টি। রিফ্র্যাক্টরি ইঞ্জিনিয়ারিং/সেরামিক্স: ৩টি। কেমিক্যাল: ৫টি। সিভিল: ৩টি।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: সাধারণ ২৩, তফসিলি জাতি ১৬, তফসিলি উপজাতি ৭২, ও বি সি ৫। এর মধ্যে দৈহিক প্রতিবন্ধীদের জন্য ৯টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ১৬টি শূন্যপদ সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সঙ্গে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা।

**বয়স:** ৯-২-২০১৯ তারিখে সবক্ষেত্রেই ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৫৫ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৩ সেমি)। ওজন: ৪৫ কেজি (মহিলাদের ক্ষেত্রে ৩৫ কেজি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৭৯ সেমি (মহিলাদের ক্ষেত্রে যথাক্রমে ৭০ ও ৭৩ সেমি)। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া বা চশমা-সহ দূরের ক্ষেত্রে উভয় চোখেই ৬/৯। কাছের ক্ষেত্রে উভয় চোখে জে-ওয়ান বা এন-সিক্স। চশমা থাকলে তার পাওয়ার +-২.৫-এর বেশি হলে চলবে না।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ প্রথম ও দ্বিতীয় বর্ষে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,৭০০ ও ১২,২০০ টাকা পাওয়া যাবে। সফল ট্রেনিং শেষে বেতনক্রম ১৬,৮০০-২৪,১১০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৯ ফেব্রুয়ারি। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ৫০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। ফি জমা দিতে হবে এস বি আই পে-ইন-স্লিপের মাধ্যমে। জমা দেবেন স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে: 32549519300 (Sector-1 Branch, Bhilai, BSP, SAIL) এছাড়া ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমেও ফি জমা দিতে পারেন। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর-সহ রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১২

*প্রথম পাতার পর*

২, তফসিলি উপজাতি ১, ও বি সি-বি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ে বি এসসি বা ডিপ্লোমা। সায়েন্টিফিক ল্যাবরেটরি ইক্যুইপমেন্ট, মেশিন, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল ইক্যুইপমেন্ট, সফটওয়্যার বা ডিজিটাল সার্কিট, ইলেক্ট্রনিক ইক্যুইপমেন্ট, স্ট্রাকচারাল বা কংক্রিট বা সয়েল মেকানিক ল্যাবরেটরি ইক্যুইপমেন্ট ব্যবহার করে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৯,০০০-২৮,৩০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৪০০ টাকা।

**স্টেনো-টাইপিস্ট:** ৪টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে শর্টহ্যান্ডে প্রতি মিনিটে অন্তত ১০০টি শব্দ লেখার গতি এবং প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৭,২০০-২৫,৪০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৩,৯০০ টাকা।

**দারোয়ান:** ২২টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ১, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ১)। **পিওন:** ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ৪, ও বি সি-বি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **হেল্পার:** ১৪টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। বেতনক্রম: ৫,৪০০-১৮,৬০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

**ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট:** ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-১৮,৬০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,১০০ টাকা।

বয়স: ৩১-১২-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in

ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় ভাবেই। অনলাইনে ফি জমা দিতে হবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে হবে ব্যাঙ্ক চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। উভয় ক্ষেত্রেই ফি দিয়ে পাওয়া রশিদটি সংগ্রহ করবেন। উভয় ক্ষেত্রেই ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ ফেব্রুয়ারি (দুপুর ১২টা পর্যন্ত)।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓ফি জমা দেওয়ার নথি।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓অতিরিক্ত যোগ্যতার প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত-ভরা খামের উপর পদের নাম ও বিজ্ঞপ্তি নম্বর লিখে দেবেন। দরখাস্ত ১৫ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Jadavpur University, Post Box No. 17013, Jadavpur University Post Office, Kolkata-700 032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১ জানুয়ারি-৭ জানুয়ারি

**১ জানুয়ারি** আগেকার ঘোষণা-মতোই রাষ্ট্রপুঞ্জের শিক্ষা-সংস্কৃতি সংগঠন ইউনেস্কো থেকে সরে গেল আমেরিকা এবং ইজরায়েল। ইউনেস্কোয় প্যালেস্টাইনের অন্তর্ভুক্তি নিয়ে প্রথম থেকেই আপত্তি ছিল আমেরিকা এবং ইজরায়েলের। সংখ্যাগরিষ্ঠ দেশগুলির সঙ্গে এ নিয়ে বিতর্কে জড়িয়ে পড়েছিল তারা। ২০১৭ সালের সেপ্টেম্বর মাসেই আমেরিকা জানিয়ে দিয়েছিল তারা ইউনেস্কোর সদস্য পদ ছেড়ে দেবে। পরে ইজরায়েলও আমেরিকার পথই অনুসরণ করে। আমেরিকা সরে যাওয়ায় ইউনেস্কো আর্থিক সঙ্কটে পড়তে পারে বলে মনে করছে বিশেষজ্ঞ মহল। বিশেষ করে বিশ্বের নানান সাংস্কৃতিক স্থলগুলির রক্ষণাবেক্ষণ এর ফলে ক্ষতিগ্রস্ত হতে পারে।

**উত্তরপ্রদেশের যোগী সরকারের আর্জিতে** সম্মত হয়ে এলাহাবাদের নাম প্রয়াগ রাজ করতে সবুজ সঙ্কেত দিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। এক সরকারি বিবৃতিতে জানানো হয়েছে, গোটা দেশে মোট ১৪টি 'প্রয়াগ' থাকলেও এখানকার প্রয়াগকেই 'প্রয়াগ রাজ' বলে উল্লেখ করা হয়েছে।

**২ জানুয়ারি** কেন্দ্রীয় সরকার 'আয়ুষ্মান ভারত প্রকল্প কার্যকর করতে নতুন স্বাস্থ্যনীতি নির্ধারক সংস্থা গড়ল। এক বিবৃতিতে সরকার জানিয়েছে, 'ন্যাশনাল হেলথ এজেন্সি' ভেঙে দিয়ে তার বদলে তৈরি হচ্ছে 'ন্যাশনাল হেলথ অথরিটি'।

**৩ জানুয়ারি** প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যে ব্যঙ্গাত্মক মন্তব্য করেছেন তার নিন্দা করল ভারতের জাতীয় কংগ্রেস। ট্রাম্পের বিতর্কিত মন্তব্যের পর কংগ্রেসের নেতারা দাঁড়িয়েছেন প্রধানমন্ত্রীর পাশেই। কংগ্রেস নেতা রণদীপ সুরজেওয়ালা টুইট করে বলেছেন, 'ডিয়ার মিস্টার ট্রাম্প, ভারতের প্রধানমন্ত্রীকে বিদ্রুপ করা বন্ধ করুন। আফগানিস্তান নিয়ে আমেরিকার উপদেশ দরকার নেই ভারতের।' সম্প্রতি আফগানিস্তানে গ্রন্থাগার তৈরির জন্য ভারতের সাহায্য দেওয়া নিয়ে প্রধানমন্ত্রীকে রীতিমত বিদ্রুপ করেছিলেন ট্রাম্প। তাঁর কথায়, 'মোদী পাঁচ ঘন্টার কথাবার্তায় আমায় শুধু বলে গেলেন, উনি আফগানিস্তানে একটা গ্রন্থাগার তৈরি করে দিয়েছেন। আমি অবশ্য জানি না, আফগানিস্তানে সেটা কারা ব্যবহার করে।'

**৪ জানুয়ারি** চিনা পদক্ষেপের জবাবে ভারত ভুটানে একটি স্যাটেলাইট নজরদারি ও ডেটা রিসেপশন কেন্দ্র খুলছে। ইসরোর তরফ থেকে কাজ শুরু হয়েছে বলেও জানা গেছে। প্রকৃত নিয়ন্ত্রণ রেখা (এলএসি) থেকে মাত্র ১২৫ কিলোমিটার দূরে তিব্বতের স্বশাসিত অঞ্চলে বেজিং ইতিমধ্যেই এ ধরনের কেন্দ্র করেছে। সেখানে মহাকাশ পর্যবেক্ষণ কেন্দ্রও গড়ে তুলেছে তারা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও জানিয়েছেন, ভুটানে এই গ্রাউন্ড স্টেশনটি তৈরির কাজ খুব শীঘ্রই শেষ হবে। ভারতের বক্তব্য, এই কেন্দ্রটি থাকার ফলে ভুটানও উপকৃত হবে। পরিবেশ এবং আবহাওয়া সংক্রান্ত তথ্য পাওয়া, দেশের প্রত্যন্ত এলাকায় প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা, টেলি মেডিসিন ইত্যাদি ক্ষেত্রে সুবিধাজনক জায়গায় পৌঁছে যাবে তারা।

**উত্তরবঙ্গের হাসিমারা এবং হরিয়ানার** আম্বালা বিমানঘাঁটিতে রাফাল যুদ্ধবিমান রাখার সিদ্ধান্ত নিল ভারতীয় বিমান-বাহিনী। দু'জায়গাতেই এক স্কোয়াড্রন করে রাফাল রাখা হবে বলে জানা গিয়েছে। উল্লেখ্য, এ বছর সেপ্টেম্বরেই ভারতীয় বিমানবাহিনীর হাতে চলে আসবে প্রথম রাফাল যুদ্ধবিমান। তার পরে দীর্ঘ দেড় হাজার ঘন্টার পরীক্ষামূলক উড়ান চলবে। চিন এবং পাকিস্তান, দু'দেশের সীমান্তের কাছাকাছি বিমানঘাঁটিতে রাফাল রাখার সিদ্ধান্ত যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন বিশেষজ্ঞরা।

**৫ জানুয়ারি** ব্যাঙ্ক প্রতারণার মামলায় অভিযুক্ত বিজয় মাল্যকে 'ফেরার আর্থিক অপরাধী'র তকমা দিল মুম্বইয়ের এক বিশেষ আদালত। ২০১৮ সালের আগস্টে পলাতক আর্থিক অপরাধী আইন কার্যকর হয়। সেই আইনে এই প্রথম ফেরার তকমা দেওয়া হল কোনও শিল্পপতিকে। উল্লেখ্য কয়েক সপ্তাহ আগেই বিজয় মাল্যের প্রত্যর্পণে সম্মতি দিয়েছে ব্রিটেনের নিম্ন আদালত। ব্যাঙ্ক প্রতারণায় মাল্যকে ওই তকমা দেওয়ার পাশাপাশি দেশে বিদেশে তাঁর সব সম্পত্তি বাজেয়াপ্ত করার আর্জিও জানিয়েছিল ইডি। পলাতক আর্থিক অপরাধী আইনেও সেই কথাই বলা হয়েছে। এ দিন একই সঙ্গে নীরব মোদী ও মেহুল চোক্সীকেও 'পলাতক আর্থিক অপরাধী'র তকমা দেওয়ার আর্জি জানিয়েছে ইডি। আদালতে এ দিন তারও শুনানি হয়েছে। তবে অভিযুক্তদের আইনজীবীরা জানিয়েছেন, তাঁদের মক্কেল নিজের নিরাপত্তা নিয়ে শঙ্কিত। তাই ভারতে আসতে পারছেন না।

**চিনা সেনাবাহিনীকে সবসময় যুদ্ধের জন্য** তৈরি থাকার নির্দেশ দিলেন সে দেশের প্রেসিডেন্ট শি চিনফিং। তাঁর মতে, বিশ্বে এমন সব পরিবর্তন হচ্ছে যা এক শতাব্দীর মধ্যে দেখা যায়নি। উল্লেখ্য, চিন নিয়ে সম্প্রতি মুখ খুলেছেন মার্কিন প্রতিরক্ষাসচিব প্যাট্রিক শানাহান। পেন্টাগনের কর্তাদের তিনি জানান, চিনই মার্কিন সামরিক তৎপরতার মূল লক্ষ্য হওয়া উচিত। তারপরেই শি-র এই মন্তব্য তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন কূটনীতিকরা। চিনা প্রেসিডেন্ট সে দেশের কমিউনিস্ট পার্টির প্রধান হওয়ার পাশাপাশি সামরিক বাহিনীরও শীর্ষকর্তা। চিনা সরকারি সংবাদমাধ্যম জানিয়েছে, সম্প্রতি সামরিক বাহিনীর হাইকম্যান্ডের এক বৈঠকে শি বাহিনীকে যুদ্ধ পরিস্থিতির জন্য প্রস্তুত থাকতে বলেছেন। তিনি বলেন, 'বিশ্বে বড় পরিবর্তনের পাশাপাশি চিনের পক্ষে কৌশলগত বৃদ্ধির সুযোগও তৈরি হচ্ছে। তাই সামরিক বাহিনীকে সবসময় প্রস্তুত থাকতে হবে। যে কোনও পরিস্থিতিতে দ্রুত পদক্ষেপ করা জরুরি।'

**৬ জানুয়ারি** মালয়শিয়ার সুলতান মহম্মদ ভি ছেড়ে দিলেন দেশের সর্বোচ্চ পদ। ১৯৫৭ সালে ব্রিটিশদের হাত থেকে স্বাধীনতা লাভের পর থেকে এমন ঘটনা দেখেনি মুসলিম-সংখ্যাগরিষ্ঠ এই দেশ। শরীরস্বাস্থ্য ভালো নেই জানিয়ে কিছুদিন আগেই ছুটিতে চলে গিয়েছিলেন তিনি। তবে আচমকা পদত্যাগের সিদ্ধান্ত কেন নিলেন সে বিষয়ে কিছু জানা যায়নি।

## আর্থিক ভিত্তিতে সংরক্ষণের ঘোষণা সরকারের



৭ জানুয়ারি: আর্থিকভাবে দুর্বলদের জন্য দশ শতাংশ সংরক্ষণের কথা ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শিক্ষাপ্রতিষ্ঠান ও সরকারি চাকরিতে তাঁরা এই সংরক্ষণ পাবেন। দেশে এই প্রথম জাতের বদলে আর্থিক ভিত্তিতে আনা হচ্ছে সংরক্ষণ। এ দিন মন্ত্রিসভার বৈঠকে অনুমোদিত হয়েছে সংরক্ষণের সিদ্ধান্ত। এর পর সংসদের উভয় কক্ষ এবং সুপ্রিম কোর্টের রায় নিতে হবে। কারণ, শীর্ষ আদালত আগেই বলেছে, দেশে ৫০ শতাংশের বেশি সংরক্ষণ হতে পারবে না। কংগ্রেস অবশ্য ঘোষণা করেছে, তারা সবসময়ই দরিদ্রদের পক্ষে। তাই এই বিলকে তারা সমর্থন করবে।



"ভারতের পরিসংখ্যান ক্ষেত্রের অবস্থা শোচনীয়। তার আরও উন্নতি দরকার। দেশে কাজের সুযোগ তৈরি হয়েছে। কিন্তু কতটা সঠিকভাবে বলা যাচ্ছে না।"

মেঘনাদ জগদীশচন্দ্র দেশাই, *বিশিষ্ট অর্থনীতিবিদ ও লন্ডন স্কুল অব ইকনমিক্স-এর এমেরিটাস অধ্যাপক*

ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের (আই এস আই) ৫৩তম সমাবর্তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে

## প্রয়াত দিব্যেন্দু পালিত



৩ জানুয়ারি: সাহিত্যিক দিব্যেন্দু পালিত (৭৯) প্রয়াত হলেন। ১৯৫৫-য় তাঁর প্রথম গল্প 'ছন্দপতন' প্রকাশিত হয় আনন্দবাজারের 'রবিবাসরীয়'তে। হিন্দুস্থান স্ট্যান্ডার্ড, আনন্দবাজার পত্রিকার পাশাপাশি কাজ করেছেন বিজ্ঞাপন সংস্থাতেও। ১৯৮৪ সালে পেয়েছেন আনন্দ পুরস্কার। এ ছাড়াও পেয়েছেন— বঙ্কিম পুরস্কার, সাহিত্য অকাদেমি থেকে বঙ্গবিভূষণ ইত্যাদি নানা স্বীকৃতি। তপন সিংহের ছবি 'অন্তর্ধান' বা রমাপ্রসাদ বণিকের নাটক 'ত্রাতা'র মতো কাজ হয়েছে তাঁর লেখা থেকে।

## নাসিরুদ্দিনের পাশে দাঁড়ালেন অমর্ত্য



| ↓+2 | ↓+3 | ↓+2 | ↓+3 | ↓+2 | ↓+3 |
| U | W | T | D | K | Q |

Similarly,

| | | | | | |
|---|---|---|---|---|---|
| P | L | A | C | E | S |
| ↓+2 | ↓+3 | ↓+2 | ↓+3 | ↓+2 | ↓+3 |
| R | O | C | F | G | V |

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

### রাজ্য সরকারের খাদ্য দপ্তরে

# সাব-ইনস্পেক্টর

### নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*বারোর পাতার পর*

64(c): সংকেত: ছোট সংখ্যা = $\frac{\text{সংখ্যাদু'টির যোগফল}}{\text{ভাগফল} + 1}$

ছোট সংখ্যা = $\left(\frac{240}{3+1}\right) = 60$, বড় সংখ্যা = $(240 - 60) = 180$

∴ বিয়োগফল = $180 - 60 = 120$.

65(c): পাত্রের ওজন = $(2 \times 13 - 24)$ কিলোগ্রাম = $(26 - 24)$ কিলোগ্রাম = 2 কিলোগ্রাম।

66(c): লাভ/ক্ষতি = $\left(\frac{5^2-4^2}{4^2} \times 100\right)\% = \left(\frac{9}{16} \times 100\right)\% = \frac{225}{4}\%$

$= 56\frac{1}{4}\%$ ['+' বলে লাভ হবে ]

67(d): সংকেত: চার দেওয়ালের ক্ষেত্রফল = পরিসীমা × উচ্চতা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) × উচ্চতা

ক্ষেত্রফল = $2(6 + 4) \times 3 = 60$ বর্গমিটার।

68(b): $\left(10\% + 8\frac{1}{3}\right)\% = 11$ টাকা

∴ $\frac{55}{3}\% = 11$ টাকা, $100\% = \left(\frac{11 \times 3 \times 100}{55}\right)$ টাকা = 60 টাকা।

69(a): 60 এবং 75 -এর মধ্যে মৌলিক সংখ্যাগুলির যোগফল $= (61 + 67 + 71 + 73) = 272$.

70(b): 30 দিনে দান করে = $(30 \times 5) = 150$ কিলোগ্রাম

25 দিনে দান করে = $(25 \times 8) = 200$ কিলোগ্রাম

খাওয়ার জন্য দৈনিক চাল = $\left(\frac{200-150}{30-25}\right)$ কিলোগ্রাম = 10 কিলোগ্রাম

∴ মজুত চালের পরিমাণ = $30(10 + 5) = 450$ কিলোগ্রাম।

71(a): প্রতিকূলে গতিবেগ ঘণ্টায় = $\left(2 \div \frac{1}{2}\right) = 1$ কিলোমিটার

∴ অনুকূলে গতিবেগ ঘণ্টায় = $\left(14 \div 2\frac{1}{3}\right) = 6$ কিলোমিটার

∴ স্রোতের গতিবেগ = $(6 - 4) \div 2 = 4$ কিলোমিটার।

72(a): B-এর বেতন 100 টাকা হলে, A-র বেতন 80 টাকা

∴ B-এর বেতন A -এর চেয়ে $\left(\frac{20}{80} \times 100\right) = 25\%$ বেশি।

73(c): ক্ষেত্রফল বৃদ্ধি পাবে = $\left\{(2 \times 10) + \left(\frac{10 \times 10}{100}\right)\right\}\% = 21\%$.

74(b): জল মেশাতে হবে = $40 \times \left(\frac{4-3}{5+3}\right) = 5$ লিটার।

75(b): 1 জানুয়ারি 2002 = (শুক্রবার + 1) = শনিবার।

76(d): লাভ বা ক্ষতি = $\left(\frac{12^2-10^2}{10^2} \times 100\right)\% = 44\%$

এখানে লাভ হবে। [ কারণ Result '+' এসেছে ]

77(d): ধরি, প্রথম সংখ্যাটি = 2x

∴ দ্বিতীয় সংখ্যাটি = $\left(2x \times \frac{3}{2}\right) = 3x$ ∴ তৃতীয় সংখ্যাটি = $\left(3x \times \frac{7}{3}\right) = 7x$

∴ তৃতীয় সংখ্যাটি = $108 \times \frac{7x}{(2x+3x+7x)} = 108 \times \frac{7x}{12x} = 63$.

78(d): $x \times \frac{17}{8} - x \times \frac{8}{17} = 225 \therefore \frac{225}{136}x = 225 \therefore x = 136$

∴ নির্ণেয় সংখ্যা = 136.

79(a): 10% লাভে বিক্রয়মূল্য = $364 \times \frac{100}{(100-9)} \times \frac{(100+10)}{100} = 364 \times \frac{110}{91} \times \frac{110}{100} = 440$ টাকা।

80(b): খরচ হ্রাস পায় = $\left\{(25-20) + \frac{25 \times 20}{100}\right\}\% = 10\%$.

81(c): 3 মিনিট বেশি = $(12 + 3) = 15$ মিনিট

∴ নির্ণেয় সময় = $\frac{12 \times 15}{15-12} = 60$ মিনিট।

82(c): মাঠের পরিসীমা = $\left(\frac{220}{5.50}\right) = 10$ মিটার

∴ মাঠের প্রতিটি বাহুর দৈর্ঘ্য = $\frac{40}{4} = 10$ মিটার

∴ মাঠের ক্ষেত্রফল = $10^2 = 100$ বর্গমিটার ∴ মোট খরচ = $100 \times 7 = 700$ টাকা।

83(b): মোট সময় = $(24 \div 6) + (24 \div 8) + (24 \div 12)$ $= 4 + 3 + 2 = 9$ ঘণ্টা

∴ গড় গতিবেগ = $\frac{24+24+24}{9} = 8$ কিলোমিটার/ঘণ্টা।

84(b): 1900 সালকে 400 দ্বারা ভাগ করলে মিলবে না, অর্থাৎ 1900 সাল Leap year নয়

∴ প্রথম 4 মাসের দিনসমষ্টি = $(31 + 28 + 31 + 30) = 120$ দিন।

85(a): ধরি সংখ্যাদু'টি = a এবং b

∴ $a + b = 20 \times 2 = 40$ এবং $a - b = \frac{18}{3} = 6$

∴ $a = (40 + 6) \div 2 = 23$ এবং $b = (40 - 6) \div 2 = 17$

∴ $ab = 23 \times 17 = 391$.

86(c): $\frac{2}{3} \div \frac{4}{9}$ এর $7\frac{1}{2} + 999\frac{494}{495} \times 99$

$= \frac{2}{3} \times \frac{9}{4} \times \frac{2}{15} + \left[(999 \times 99) + \left(\frac{494}{495} \times 99\right)\right] = \frac{1}{5} + 99900 - 999 + 98\frac{4}{5} = 99900 + 99 - 999 = 99000$.

87(b): বড় সংখ্যা = (যোগফল + বিয়োগফল) ÷ 2

∴ ছোট সংখ্যা = (যোগফল – বিয়োগফল) ÷ 2

∴ বড় সংখ্যা = $\left(9\frac{5}{8} + 4\frac{3}{8}\right) \div 2 = 14 \div 2 = 7$

∴ ছোট সংখ্যা = $\left(9\frac{5}{8} + 4\frac{3}{8}\right) \div 2 = \frac{21}{8}$

∴ নির্ণেয় গুণফল = $\left(7 \times \frac{21}{8}\right) = 18\frac{3}{8}$.

88(c): $72 = 8 \times 9$, 9 দ্বারা বিভাজ্যতার নিয়ম:

$4 + 2 + 5 + 7 + 3 + * = 21 + *$

∴ $21 + * = 27$ [∵21-এর পর 9 -এর গুণিতক 27] ∴ $* = 6$.

89(b): সংখ্যাটি = x ধরা হলে, $105 - x \times 40\% = x$

বা, $105 - \frac{2x}{5} = x$ বা, $\frac{7x}{5} = 105 \therefore x = \left(105 \times \frac{5}{7}\right) = 75$.

90(a): দু'টি নল দিয়ে সম্পূর্ণ জলপূর্ণ হয় = $\frac{5 \times 10}{10-5} = 10$ মিনিটে

∴ $\left(\frac{3}{4} - \frac{1}{2}\right) = \frac{1}{4}$ অংশ জলপূর্ণ হয় = $\left(10 \times \frac{1}{4}\right) = 2\frac{1}{2}$ মিনিটে।

91(d): A, B ও C একত্রে একদিনে কাজ করে

$= \left(\frac{2}{3} + \frac{1}{3} + \frac{1}{2}\right) \times \frac{1}{2} = \frac{9}{12}$ অংশ ∴ A, B ও C -এর মজুরির অনুপাত:

$\left(\frac{9}{12} - \frac{1}{3}\right) : \left(\frac{9}{12} - \frac{1}{2}\right) : \left(\frac{9}{12} - \frac{2}{3}\right) = \frac{5}{12} : \frac{3}{12} : \frac{1}{12} = 5 : 3 : 1$

∴ C-এর মোট মজুরি = $\frac{540 \times 1}{(5+3+1)} = 60$ টাকা।

92(b): $\frac{5}{8}$ অংশ গতিতে $\left(\frac{8}{5} - 1\right) = \frac{3}{5}$ অংশ বেশি সময় লাগে।

∴ প্রকৃত গতিতে সময় লাগে = (1 ঘণ্টা 12 মিনিট × $\frac{5}{3}$) মিনিট = 120 মিনিট = 2 ঘণ্টা।

93(b): ফেরার গতি = x কিলোমিটার ধরা হলে,

$\frac{2 \times 20 \times x}{20 + x} = 24$ বা, $16x = 480 \therefore x = 30$ কিলোমিটার।

94(d): $6\left(4\frac{1}{2} - 4\right)\% = 3\%$ বা, 3% = 21 টাকা

∴ $100\% = \left(\frac{21}{3} \times 100\right) = 700$ টাকা।

95(d): দ্বিতীয় বিক্রয়মূল্য = $\left(114 \times \frac{10}{12}\right)\% = 95\%$

নির্ণেয় ক্ষতির হার = $(100 - 95)\% = 5\%$.

96(c): নির্ণেয় ভুলের হার = $\left(\frac{37.5-36}{37.5}\right) \times 100 = 4\%$.

97(a): শিক্ষকের বয়স = $(15 \times 10) - (4 \times 19 + 5 \times 10)$ $= (150 - 126) = 24$ বছর।

98(c): উভয় ভাষায় কথা বলতে পারে = $\{(74.8 + 82.4) - 100\}\% = 57.2\%$

∴ উভয় ভাষায় কথা বলতে পারে না = $(100 - 57.2)\%$ $= 42.8\%$.

99(c): মোট আয় = $246 + 319 + (319 + 19) + (246 + 319)$ $= (246 \times 2) + (319 \times 3) + 19 = (492 + 957 + 19) = 1468$.

100(b): মেঝেতে মোট = $(21.60 \div 0.15) = 144$টি টালি বসানো হয়

ঘরের দৈর্ঘ্য = (45 সেন্টিমিটার × $\sqrt{144}$ ) = 540 সেন্টিমিটার = 5.4 মিটার।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

## একনজরে বিজ্ঞানের প্রশ্নোত্তর

- এইডস রোগের টিকা পাওয়া সহজ নয়, কারণ— এর ভাইরাস দ্রুত এদের জেনেটিক কোড বদলাতে পারে।
- গরমকালে সাদা পোশাক আরামদায়ক, কারণ— এটি কোনও আলো শোষণ করে না।
- যে প্রকারের ছাতা গ্রীষ্মে সবচেয়ে আরামদায়ক, ছাতার ওপরের রং সাদা এবং ভিতরের রং কালো।
- ডপলার এফেক্ট ঘটে শব্দতরঙ্গ ও আলোকতরঙ্গের ক্ষেত্রে। যখন পর্যবেক্ষকের অবস্থান ও মাধ্যম পরিবর্তিত হয়। নক্ষত্রের দূরত্ব নির্ণয়ে, উপগ্রহের অবস্থান নির্ণয়ে এই পদ্ধতি ব্যবহৃত হয়।
- বজ্র নিরোধক বাড়ি তৈরিতে তামার পাত মাটির গভীরে প্রবেশ করানো হয়।
- মেয়েদের স্বরের কম্পাঙ্ক পুরুষদের থেকে বেশি।
- স্টিলে শব্দের গতিবেগ জলে শব্দের গতিবেগের তিনগুণ।
- শব্দের প্রতিধ্বনি শুনতে হলে প্রতিফলকের দূরত্ব হবে কমপক্ষে ১৭ মিটার (16.6 মিটার)।
- শব্দের প্রতিফলক আকারে বড় হয়, কারণ— এর তরঙ্গদৈর্ঘ্য বড়।
- রাত্রে দূরবর্তী শব্দ ভালো শোনা যায়, কারণ— ভূমিসংলগ্ন বাতাস ঠাণ্ডা হতে থাকায় প্রতিসরণের ফলে শব্দ নিম্নাভিমুখী গতি পায়।
- ঝুলন্ত ব্রিজের ওপর দিয়ে সৈন্যদের মার্চ করতে দেওয়া হয় না, কারণ— শব্দের রিজোনেন্সের কারণে এর শক্তি অনেক বেড়ে যায়। যার ফলে ব্রিজ ভেঙে পড়তে পারে।
- + 2.5 শক্তির উত্তল লেন্সের ফোকাস-দৈর্ঘ্য 0.4 মিটার।
- হ্রস্বদৃষ্টি (মায়োপিয়া) সারাতে ব্যবহৃত হয় অবতল লেন্স। যেগুলোর পাওয়ার নেগেটিভ হয়।
- আতসকাচে উত্তল লেন্স থাকে।
- পড়ার জন্য আমাদের বইকে সাধারণত 25 সেন্টিমিটার দূরত্বে রাখতে হয়।
- মাইক্রোস্কোপে (Microscope) গঠিত প্রতিবিম্ব অবশীর্ষ হয়।
- টেলিস্কোপের প্রতিবিম্ব অবশীর্ষ সদ হয়।
- শব্দতরঙ্গ— অনুদৈর্ঘ্য তরঙ্গ। আলোক তরঙ্গ— তড়িৎ চুম্বকীয় তরঙ্গ।
- প্রিজমের মধ্য দিয়ে সাদা আলো গেলে বর্ণালী গঠিত হয়, কারণ বিভিন্ন আলোর বিভিন্ন গতি থাকার জন্য তাদের প্রতিসরাঙ্ক ভিন্ন, তাই আলাদা হয়ে যায়।
- কাচে বেগুনি আলোর গতিবেগ সবচেয়ে কম এবং লাল আলোর গতিবেগ সবচেয়ে বেশি।
- লাল আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে বেশি কিন্তু কম্পাঙ্ক সবথেকে কম।
- টিভিতে যে তিনটি রঙ থাকে লাল, হলুদ ও নীল। যেগুলি মৌলিক রঙ।
- পরিপূরক রঙ— লাল ও হলুদ, সবুজ ও ম্যাজেন্টা।
- উত্তল দর্পণ সর্বদা অসদ প্রতিবিম্ব তৈরি করে। অবতল দর্পণ সদপ্রতিবিম্ব তৈরি করে।
- গাড়ির উপবৃত্তাকার হেড লাইটে থাকে অবতল দর্পণ।
- অবতল দর্পণে ফোকাস দৈর্ঘ্যের কম দূরত্বে বস্তু রাখলে প্রতিবিম্ব হবে অসদ, সমশীর্ষ এবং বড়।
- সোলার কুকারের থাকে উত্তল দর্পণ।
- দুটো সন্নিহিত দর্পণের মধ্যে রাখা বস্তুর প্রতিবিম্বের সংখ্যা = (360 ÷ দু'টি দর্পণের মধ্যে কোণের মাপ) 1।
- কম্পাঙ্কের ক্রমোচ্চানুসারে— দৃশ্যমান আলো, অ্যালট্রাভায়োলেট রশ্মি, এক্স রশ্মি, গামা রশ্মি।
- কম্পাঙ্কের ক্রমাবনতি অনুসারে— দৃশ্যমান আলো, ইনফ্রারেড, মাইক্রোওয়েভ, বেতার তরঙ্গ।
- উচ্চ কম্পাঙ্কের বেতার তরঙ্গ আয়নোস্ফিয়ারের মণ্ডলে প্রতিফলিত হয়।
- এয়ারকণ্ডিশনার তাপমাত্রা 23-25° সেলসিয়াস এবং আপেক্ষিক আর্দ্রতা 60-65% রাখে।
- আপেক্ষিক আর্দ্রতা মাপা হয় হাইগ্রোমিটার যন্ত্র দ্বারা।
- 1গ্রাম জলকে বাষ্পীভবন প্রক্রিয়ায় বাষ্পে পরিণত করতে 2260 জুল তাপ লাগে।
- কোনও বস্তুর তাপমাত্রা 90° থেকে 80° সেলসিয়াস হতে প্রয়োজনীয় সময় একই বস্তুর 40° থেকে 30° সেলসিয়াস হতে প্রয়োজনীয় সময়ের থেকে কম।
- গ্রিনহাউস এফেক্ট— বিকিরণ পদ্ধতিতে তাপ ছেড়ে যেতে বাধা দেয়।
- যে সব বস্তু তাপের ভালো শোষক তারা তাপের ভালো বিকিরক।
- বাইরে থেকে কালো রঙের কাপের চা সাদা রঙের কাপের থেকে তাড়াতাড়ি ঠান্ডা হয়।
- মসৃণ বস্তু তাপ কম বিকিরণ ও শোষণ করে।
- কনভেকসন বা পরিচালন পদ্ধতিতে সরাসরি তাপ এক জায়গা থেকে আর এক জায়গায় বাহিত হয়। তরল ও গ্যাসের ক্ষেত্রে এই তাপপ্রবাহ বেশি থাকে।
- শীতকালে পাথরের মেঝে কাঠের মেঝের তুলনায় বেশি ঠান্ডার অনুভূতি দেয় কারণ— পাথর কাঠের থেকে ভালো তাপ পরিবাহী।
- শীতপ্রধান দেশে বরফ জমা পুকুরের জলের ঘনত্ব বরফের তলদেশ থেকে নীচের দিকে ক্রমশ বাড়তে থাকে। পুকুরের একেবারে নীচের দিকের জলের উষ্ণতা হবে 4° সেলসিয়াস।
- বেশি তাপ সহনশীল কাচ হল— পাইরেক্স। এর প্রসারণ গুনাঙ্ক খুবই কম।
- বাতাসের তাপমাত্রা মাপা হয় সিক্সেস থার্মোমিটার দিয়ে।
- পারদের হিমাঙ্ক— –39° সেলসিয়াস। কিন্তু অ্যালকোহলের হিমাঙ্ক— –115° সেলসিয়াস।
- জলের স্ফুটনাঙ্ক 373.16° কেলভিন। (100°C/212°F)।
- দু'টি ভিন্ন আয়তনের জলের পাত্র একই তাপে গরম করলে কম আয়তনের পাত্রের জল বেশি দ্রুত উষ্ণ হবে।
- বার্নউলির থিয়োরেম প্রযোজ্য হয় স্প্রেয়ার মেশিনে, এরোপ্লেন উড়তে এবং ক্রিকেট বল স্পিন করার সময়।
- সাবান ও ডিটারজেন্ট জলের পৃষ্ঠটান বাড়িয়ে ময়লা পরিষ্কার করে।
- প্লাটিনাম, সোনা, রুপো, সীসা, তামা, লোহা ধাতুগুলি ঘনত্বের ক্রমহ্রাসমান অনুসারে সাজানো।
- পৃথিবীতে কোনও বস্তুর মুক্তিবেগ 11.2 কিমি/সেকেন্ড।
- কোনও উপগ্রহ উচ্চকক্ষ থেকে নিম্নকক্ষে ঘুরতে থাকলে তার গতিবেগ বেড়ে যায়।
- মুক্তিবেগ নির্ভর করে পৃথিবীর ব্যাসার্ধের ওপর।
- চাঁদে কোনও বস্তুর মুক্তিবেগ পৃথিবীর 1/6 অংশ হবে।
- চেন টানলে ট্রেন থেমে যায়— ভ্যাকুয়াম চেম্বারে বাতাস পূর্ণ হয়ে স্বয়ংক্রিয়ভাবে ব্রেক সৃষ্টি হয়।
- নিরক্ষীয়তলে পৃথিবীর অভিকর্ষ বল কম হয়। এই অঞ্চল থেকে উপগ্রহ মহাকাশে পাঠানো সুবিধাজনক।
- অবতল দর্পণে ফোকাস দৈর্ঘ্যের কম দূরত্বে বস্তু রাখলে প্রতিবিম্ব হবে অসদ, সমশীর্ষ এবং বড়।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দিল্লি সরকারে ৩২৭ এম বি বি এস ডাক্তার

৩২৭ জন এম বি বি এস ডাক্তার নেবে দিল্লি সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ। নিয়োগ হবে জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার পদে। তফসিলি জাতি প্রার্থীদের জন্য ৬৩টি, তফসিলি উপজাতিদের জন্য ২৮টি শূন্যপদ সংরক্ষিত হবে। মোট শূন্যপদের মধ্যে ১৩টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

এম বি বি এস ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন। কম্পালসারি রোটেটিং ইন্টার্নশিপ সম্পূর্ণ না হয়ে থাকলেও আবেদন করা যাবে। তবে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগের আগে ইন্টার্নশিপ সম্পূর্ণ করতে হবে।

৩১-০১-২০১৯ তারিখে বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রয়োজনে ইন্টারভিউও নেওয়া হতে পারে।

**বেতনক্রম:** ১৫,৬০০-৩৯,১০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা।

এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর ০১/২০১৯। ভ্যাকেন্সি নম্বর: ১৯০১০১১৫১১২।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in ৩১ জানুয়ারির মধ্যে দরখাস্ত করতে হবে।

ফি বাবদ ২৫ টাকা জমা দেওয়া যাবে অনলাইনে, ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের মাধ্যমে অথবা স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিং ব্যবস্থার মাধ্যমে। এছাড়াও নগদে ফি জমা দেওয়া যাবে স্টেট ব্যাঙ্কে। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলাদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

# সরকারি প্রকল্পে ডেন্টাল হাইজিনিস্ট

ডেন্টাল হাইজিনিস্ট পদে ২১ জনকে নিয়োগ করবে ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সমিতি। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল হেলথ মিশনের অধীনস্থ ন্যাশনাল ওরাল হেলথ প্রোগ্রামে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SHFWS/ 2018/172.

**শূন্যপদের বিবরণ: ডেন্টাল হাইজিনিস্ট:** ২১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে ডেন্টাল হাইজিনিস্ট কোর্সে ডিপ্লোমা। এর পাশাপাশি ওয়েস্ট বেঙ্গল ডেন্টাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে এবং কোনও ডেন্টাল কলেজ বা ক্লিনিকে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১-১-২০১৯ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ১৫,০০০ টাকা।

শিক্ষাগত যোগ্যতা এবং কাজের অভিজ্ঞতার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো এবং সই আপলোড করতে হবে।

অনলাইন দরখাস্তের সময় প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৮ জানুয়ারি। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি জমা দিতে চাইলে ই-চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। ই-চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। সব ক্ষেত্রেই ফি জমা দেওয়ার শেষ তারিখ ২২ জানুয়ারি। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ২৫ জানুয়ারি।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিখরচায় তফসিলিদের কাস্টমার কেয়ারের প্রশিক্ষণ হাওড়ায়

**নিজস্ব প্রতিনিধি:** হাওড়া জেলায় বসবাসকারী তফসিলি জাতি ও উপজাতিভুক্ত তরুণদের নিখরচায় কাস্টমার কেয়ার এক্সিকিউটিভের পেশাদারি প্রশিক্ষণ দেবে অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন। ৩ মাসের প্রশিক্ষণ। দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ কৌশল যোজনার আওতায় এই প্রশিক্ষণ দেওয়া হবে। অন্তত উচ্চমাধ্যমিক পাশ তফসিলি তরুণরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। আসনসংখ্যা ৩৫টি।

সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে, প্রশিক্ষার্থীদের হস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। হস্টেলে থাকা-খাওয়ার জন্য কোনও খরচ নেই। সংস্থার পক্ষ থেকে আরও জানানো হয়েছে, এই কোর্সে বি পি ও, ইনবাউন্ড-আউটবাউন্ড কল, অবজেক্ট হ্যান্ডলিং, পার্সোনালিটি ডেভেলপমেন্ট, কম্পিউটার এবং কাস্টমার রিটেনশন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে।

ট্রেনিং শেষে পরীক্ষা হবে। পরীক্ষায় সফল হলে ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের (এন এস ডি সি) সার্টিফিকেট পাওয়া যাবে। চাকরির ব্যাপারে প্রশিক্ষিতদের সহায়তা করা হবে বলেও সংস্থার তরফে জানানো হয়েছে।

প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে হবে ২৫ জানুয়ারির মধ্যে। যোগাযোগ করবেন এই ঠিকানায়: অম্বুজা সিমেন্ট ফাউন্ডেশন, ধুলাগোড়ি, সাঁকরাইল, হাওড়া। সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে হবে। ফোন: ৯৭৪৮৪-০৭৯০০, ৮৯৮১১-৯৭০০৯।

# নবোদয় বিদ্যালয়ে ২১৮ পোস্ট-গ্র্যাজুয়েট টিচার

বিভিন্ন বিষয়ে ২১৮ জন পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (পি জি টি) নিয়োগ করবে নবোদয় বিদ্যালয় সমিতি। এটি ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। প্রাথমিকভাবে ২ বছরের প্রবেশন। তবে কর্তৃপক্ষ মনে করলে প্রবেশনের মেয়াদ আরও বাড়তে পারে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

**বিষয় অনুসারে শূন্যপদের বিন্যাস:** বায়োলজি: ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। কেমিস্ট্রি: ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। কমার্স: ২১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ইকনমিক্স: ৩৭টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। জিওগ্রাফি: ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। হিন্দি: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। হিস্ট্রি: ২১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৬)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ম্যাথস: ১৭টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ফিজিক্স: ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৯)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি ও দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ইনফর্মেশন অ্যান্ড টেকনোলজি: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** ইনফর্মেশন অ্যান্ড টেকনোলজি ছাড়া অন্য সবক'টি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ স্নাতকোত্তর ডিগ্রি। নির্দিষ্ট বিষয়ের ক্ষেত্রে ২ বছরের ইন্টিগ্রেটেড এম এসসি ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

ফিজিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ফিজিক্স, ইলেক্ট্রনিক্স ফিজিক্স, নিউক্লিয়ার ফিজিক্স, কেমিস্ট্রির ক্ষেত্রে বায়োকেমিস্ট্রি, ম্যাথমেটিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, ইকনমিক্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ইকনমিক্স, বিজনেস ইকনমিক্স, কমার্সের ক্ষেত্রে অ্যাকাউন্টিং, কস্ট অ্যাকাউন্টিং, ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি থাকলে আবেদন গ্রাহ্য হবে। তবে কমার্সের ক্ষেত্রে অ্যাপ্লায়েড ইকনমিক্স বা বিজনেস ইকনমিক্সে এম কম ডিগ্রিধারীরা আবেদন করবেন না। বায়োলজির ক্ষেত্রে বটানি, জুলজি, লাইফ সায়েন্স, বায়ো-সায়েন্সেস, জেনেটিক্স, মাইক্রো বায়োলজি, বায়ো-টেকনোলজি, মলিকিউলার বায়ো, প্ল্যান্ট ফিজিওলজি বিষয়ে উল্লিখিত ডিগ্রি থাকলে আবেদন করা যাবে, সেক্ষেত্রে স্নাতকস্তরে বটানি ও জুলজি পড়ে থাকতে হবে।

ইনফর্মেশন অ্যান্ড টেকনোলজির ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা আই টি বিষয়ে বি ই বা বি টেক ডিগ্রি থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক, সঙ্গে কম্পিউটার সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা করে থাকতে হবে। এ ছাড়া কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদনের যোগ্য। অথবা যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি-সহ কম্পিউটার সায়েন্স বা আই টি-তে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা ডোয়েক 'বি' লেভেল পাশ করে থাকলেও আবেদন করতে পারেন। অথবা যে-কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি-সহ ডোয়েক 'সি' লেভেল পাশ করে থাকতে হবে।

উভয় ক্ষেত্রেই প্রার্থীর বি এড ডিগ্রি থাকলে অগ্রাধিকার। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষ হতে হবে। টি জি টি হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে কিংবা কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে এবং কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধী এবং মহিলারা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় থাকবে জেনারেল ইংলিশ (২০ নম্বর) ও হিন্দি (২০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৩০ নম্বর), জেনারেল ইন্টেলিজেন্স, নিউমেরিক্যাল এবিলিটি অ্যান্ড রিজনিং (৩০ নম্বর) , টিচিং অ্যাপ্টিটিউড (২০ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক (৮০ নম্বর) অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। মোট নম্বর ২০০। সময়সীমা আড়াই ঘণ্টা। লিখিত পরীক্ষা হবে মার্চ মাসের শেষ সপ্তাহে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.navodaya.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১৪ ফেব্রুয়ারি পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই ও বুড়ো আঙুলের ছাপ আপলোড করতে হবে।

অনলাইন মাধ্যমে ফি বাবদ জমা দিতে হবে ১,০০০ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

যথাযথভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পরে পূরণ করা অনলাইন দরখাস্তের এককপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটির নির্দিষ্ট জায়গায় পাসপোর্ট মাপের এককপি ফটো সাঁটবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন, পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিউক্লিয়ার পাওয়ারে ১৬২

## ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, আই টি আই, সায়েন্স গ্র্যাজুয়েট

১৬২ জন ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, সায়েন্স গ্র্যাজুয়েট এবং আই টি আই পাশ তরুণ-তরুণী নেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়া। নিয়োগ হবে সংস্থার কাকরাপার সাইটে, যথাক্রমে স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট, সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি, স্টাইপেন্ডারি ট্রেনি টেকনিশিয়ান-প্লান্ট অপারেটর এবং স্টাইপেন্ডারি ট্রেনি মেন্টেনার পদে। ট্রেনি পদের ক্ষেত্রে প্রথমে নির্দিষ্ট মেয়াদের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর KAKRAPAR GUJARAT SITE/HRM/02/2018.

**শূন্যপদের বিবরণ: ক্যাটেগরি-১: স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ডিপ্লোমা ইঞ্জিনিয়ার):** ইলেক্ট্রিক্যাল: ১৭টি, কেমিক্যাল: ৩টি, মেকানিক্যাল: ২৬টি, ইলেক্ট্রনিক্স: ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ৩ বছরের ডিপ্লোমা।

**স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (সায়েন্স গ্র্যাজুয়েট):** কেমিস্ট্রি: ৬টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি এসসি। প্রধান বিষয় হিসেবে কেমিস্ট্রি এবং সহযোগী বিষয় হিসেবে ফিজিক্স বা অঙ্ক বা স্ট্যাটিস্টিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স পড়ে থাকতে হবে। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি এবং অঙ্ক-সহ বি এসসি। সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে অঙ্ক অন্যতম বিষয় হিসেবে থাকতে হবে।

দেড় বছরের ট্রেনিং। প্রথম বছর প্রতি মাসে ১৬,০০০ টাকা এবং পরবর্তী ৬ মাসে ১৮,০০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ট্রেনিং শেষে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি পদে নিয়োগ হবে। তখন বেতন ৩৫,৪০০ টাকা।

**বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

**সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট বি (ডিপ্লোমা):** সিভিল: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছর মেয়াদের ডিপ্লোমা। অথবা উচ্চমাধ্যমিক, সঙ্গে ৬০ শতাংশ নম্বর-সহ দু'বছর মেয়াদের ডিপ্লোমা।

**বয়স:** ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

**ক্যাটেগরি-২: স্টাইপেন্ডারি ট্রেনি/টেকনিশিয়ান-প্লান্ট অপারেটর:** ৫১টি। শিক্ষাগত যোগ্যতা: ৫০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে পৃথকভাবে ৫০ শতাংশ নম্বর থাকতে হবে।

**স্টাইপেন্ডারি ট্রেনি/টেকনিশিয়ান-মেন্টেনার:** ইলেক্ট্রিশিয়ান: ৬টি, ইনস্ট্রুমেন্ট মেকানিক: ৭টি, ইলেক্ট্রনিক্স মেকানিক: ১০টি, ফিটার: ১৭টি, ওয়েল্ডার: ৩টি, মেশিনিস্ট: ৩টি, ডিজেল মেকানিক: ১টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বিজ্ঞান ও অঙ্ক বিষয়ে পৃথকভাবে ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সঙ্গে ইলেক্ট্রিশিয়ান বা ইনস্ট্রুমেন্ট মেকানিক বা ইলেক্ট্রনিক মেকানিক বা ফিটার বা ওয়েল্ডার বা মেশিনিস্ট বা ডিজেল মেকানিক ট্রেডে ২ বছরের আই টি আই সার্টিফিকেট। যাঁদের ক্ষেত্রে কোর্সের মেয়াদ ২ বছরের কম তাঁদের ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে।

স্টাইপেন্ডারি ট্রেনি (মেন্টেনার ও প্লান্ট অপারেটর) পদের ক্ষেত্রে ২ বছরের ট্রেনিং। প্রথম বছর মাসে ১০,৫০০ টাকা এবং দ্বিতীয় বছর মাসে ১২,৫০০ টাকা করে স্টাইপেন্ড পাওয়া যাবে। সফল ভাবে ট্রেনিং শেষে টেকনিশিয়ান-বি পদে নিয়োগ হবে। তখন বেতন ২১,৭০০ টাকা।

স্টাইপেন্ডারি ট্রেনি/সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ক্যাটেগরি-১) ও সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি পদের ক্ষেত্রে ৪টি এবং স্টাইপেন্ডারি ট্রেনি-টেকনিশিয়ান (ক্যাটেগরি-২) পদের ক্ষেত্রে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

সব ক্ষেত্রেই ৩১-১-২০১৯ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে। নিয়মানুসারে তফসিলি এবং ও বি সি প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। বয়সে তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** স্টাইপেন্ডারি ট্রেনি (সায়েন্স গ্র্যাজুয়েট) এবং স্টাইপেন্ডারি ট্রেনি-টেকনিশিয়ান পদের প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৬০ সেমি এবং ওজন হতে হবে অন্তত সাড়ে ৪৫ কেজি।

প্রার্থী বাছাই করা হবে ক্যাটেগরি-১ এবং সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-বি পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা এবং পার্সোনাল ইন্টারভিউয়ের মাধ্যমে। ৩ ঘণ্টার পরীক্ষা। থাকবে অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধরনের ১২০টি প্রশ্ন। নেগেটিভ মার্কিং নেই।

টেকনিশিয়ান ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে থাকবে দুই পর্বের লিখিত পরীক্ষা। প্রথম পর্বের লিখিত পরীক্ষায় ৫০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে। সময় ১ ঘণ্টা।

দ্বিতীয় পর্বের পরীক্ষায় প্রার্থীর নিজের পাঠ্য বিষয়-সম্পর্কিত ৫০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। স্টাইপেন্ডারি ট্রেনি টেকনিশিয়ান (মেন্টেনার) পদের ক্ষেত্রে অতিরিক্ত স্কিল টেস্ট থাকবে। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.npcilcareers.co.in ৩১ জানুয়ারি পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্ত করতে বসার আগে জেপিজি ফর্ম্যাটে ফটো ও সই স্ক্যান করার পরে কম্পিউটার সেভ করবেন। ফটো ও সইয়ের সাইজ হতে হবে যথাক্রমে ৫০ ও ২০ কেবি-র মধ্যে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobguide.blogspot.com http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ত্রাভাঙ্কোরের ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালসে ১৪৯ অ্যাপ্রেন্টিস

১৪৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ফার্টিলাইজার্স অ্যান্ড কেমিক্যালস ত্রাভাঙ্কোর। প্রশিক্ষণ দেওয়া হবে কেমিক্যাল, কম্পিউটার, মেকানিক্যাল-সহ ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখা এবং ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে। ১ বছরের প্রশিক্ষণ। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

আসনসংখ্যার বিবরণ: **টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১৫টি। কম্পিউটার ইঞ্জিনিয়ারিং: ১৩টি। সিভিল ইঞ্জিনিয়ারিং: ৫টি। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং: ৫টি। ইনস্ট্রুমেন্ট টেকনোলজি/ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং: ৪টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ১০টি। ডিপ্লোমা ইন কমার্শিয়াল প্র্যাক্টিস: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট শাখায় ডিপ্লোমা। ৩১-৩-২০১৯ তারিখ অনুসারে তিন বছর আগে ডিপ্লোমা পাশ করে থাকলে আবেদন করবেন না। স্টাইপেন্ড: প্রতি মাসে ৮,০০০ টাকা।

ট্রেড অ্যাপ্রেন্টিস: **ফিটার:** ২৪টি। **মেশিনিস্ট:** ৮টি। **ইলেক্ট্রিশিয়ান:** ১৫টি। **প্লাম্বার:** ৪টি। **মেকানিক মোটর ভেহিক্যল:** ৬টি। **মেকানিক ডিজেল:** ৪টি। **ইনস্ট্রুমেন্ট মেকানিক:** ১২টি। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ৯টি। **ফ্রন্ট অফিস অ্যাসিস্ট্যান্ট/কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ১২টি।

শিক্ষাগত যোগ্যতা: ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই অথবা এন সি ভি টি স্বীকৃত আই টি সি ট্রেড কোর্স পাশ। স্টাইপেন্ড: ৬,০১৮ টাকা।

বয়স: উভয় ক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in এবং ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.ncvtmis.gov.in, www.apprenticeship.gov.in রেজিস্ট্রেশনের পর পাওয়া নম্বরটি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

এর পর অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.fact.co.in আবেদনের শেষ তারিখ ২৩ জানুয়ারি। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

### অনলাইনে আপলোড করতে হবে

✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓আধার কার্ড।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের পুলিশ হাউজিং অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশনে ইঞ্জিনিয়ার

কিছু অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার ও সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেবে রাজ্যের পুলিশ হাউজিং অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন। চুক্তিতে নিয়োগ হবে ইলেক্ট্রিক্যাল শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019.

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার:** শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) অথবা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে পাঁচ বছরের অভিজ্ঞতা। অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার:** শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। ডিপ্লোমা সম্পূর্ণ করার পর সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রি কোর্স পাশ প্রার্থীরাও আবেদনের যোগ্য। সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার হিসেবে কোনও ইঞ্জিনিয়ারিং সংস্থায় কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** উভয় ক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২৭,০০০ টাকা এবং সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbphidcl.com আবেদনের শেষ তারিখ ১ ফেব্রুয়ারি।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইস্পাত নিগমে ম্যানেজমেন্ট ট্রেনি

*প্রথম পাতার পর*

থাকতে হবে। মেটালার্জি শাখার গেট কোড এম টি, মেকানিক্যাল শাখার ক্ষেত্রে গেট কোড এম ই এবং ইলেক্ট্রিক্যাল শাখার ক্ষেত্রে গেট কোড ই ই। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ফাইনাল মার্কশিট অগস্ট মাসের মধ্যে দাখিল করতে হবে।

ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল মেশিন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং এবং এনার্জি ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি গ্রাহ্য হবে। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, মেকট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন টেকনোলজি ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং এবং পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি গ্রাহ্য হবে। মেটালার্জির ক্ষেত্রে মেটালার্জি, মেটালার্জি অ্যান্ড মেটিরিয়াল সায়েন্সের ডিগ্রিও গ্রাহ্য হবে।

**বয়স:** জন্মতারিখ ১-১২-২০১৮ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ২৪,৯০০-৫০,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে গেট-২০১৯ পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizagsteel.com অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই (উভয়ই জে পি জি ফর্ম্যাটে ৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। প্রয়োজন হবে গেট-২০১৯ পরীক্ষার অ্যাপ্লিকেশন নম্বর ও এনরোলমেন্ট নম্বরের।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (১৮ শতাংশ জি এস টি অতিরিক্ত)। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২২ ফেব্রুয়ারি।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে "Submit" করুন। সাবমিটের পরে ছবি, সই ও রেজিস্ট্রেশন নম্বর-সহ রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। ইন্টারভিউয়ের সময় প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। দরখাস্ত পূরণের ক্ষেত্রে কোনও সমস্যার সম্মুখীন হলে ফোন করতে পারেন এই নম্বরে: ০৮৯১-২৭৪০৪০৫ (যে-কোনও কাজের দিন সকাল ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

# সি আই এস এফে ৩৬৫ হেড কনস্টেবল

*প্রথম পাতার পর*

প্রার্থী বাছাই করা হবে হাইট বার টেস্ট, শারীরিক মাপজোক যাচাই, নথিপত্র যাচাই, লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্টের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। লিখিত পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল নলেজ, এরিথমেটিক, জেনারেল ইংলিশ বা হিন্দি বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। মোট নম্বর ১০০। সময় ২ ঘণ্টা। কম্পিউটারে স্কিল টেস্ট হবে ১০ মিনিট ধরে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cisfrectt.in অনলাইন দরখাস্ত করা যাবে ২১ জানুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের সাহায্যে ফি জমা দিতে হবে। মহিলা, তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান অয়েলে ৪২০ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

৬৪টি (সাধারণ ৩৫, তফসিলি জাতি ১২, ও বি সি ১৭)।

**কর্নাটক:** ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই): ২৩টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৬)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট): ২৯টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা): ২৯টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)।

**কেরল:** ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই): ১৬টি (সাধারণ ১১, তফসিলি জাতি ১, ও বি সি ৪)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট): ২০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, ও বি সি ৫)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা): ২০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ২, ও বি সি ৫)।

**তেলঙ্গানা:** ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই): ১৪টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট): ১৭টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা): ১৭টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)।

**অন্ধ্রপ্রদেশ:** ট্রেড অ্যাপ্রেন্টিস (আই টি আই): ১৬টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট): ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা): ২০টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)।

**শিক্ষাগত যোগ্যতা:** টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিস বিভাগের ক্ষেত্রে: মাধ্যমিক এবং ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, ইনস্ট্রুমেন্ট মেকানিক ও মেশিনিস্টের মধ্যে যে-কোনও একটি ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স পাশ।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস শাখার ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা সিভিল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স অথবা ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা।

নন-টেকনিক্যাল ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) শাখার ক্ষেত্রে: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

**বয়স:** ৩১-১২-২০১৮ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iocl.com ১৮ জানুয়ারি থেকে ১০ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে।

এই ট্রেনিংয়ের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের অবগতির জন্য আগাম এই ট্রেনিংয়ের খবর জানানো হল। ১৮ জানুয়ারি থেকে ট্রেনিং-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# তিন সামরিক বাহিনীতে ৩৯২ অফিসার

*প্রথম পাতার পর*

২০০৩-এর মধ্যে। অর্থাৎ বয়স হতে হবে সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে।

**দৈহিক মাপজোক:** আর্মি ও নেভির ক্ষেত্রে ন্যূনতম উচ্চতা হতে হবে ১৫৭ সেমি, এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। ৫ সেমি ফুলিয়ে বুকের ছাতির মাপ হতে হবে অন্তত ৮১ সেমি। আর্মি ও এয়ারফোর্সের ক্ষেত্রে দৃষ্টিশক্তি ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৬ ও ৬/৯ (দূরের) থাকতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে চশমা থাকলে চলবে না এবং যাঁদের হাইপারমেট্রোপিয়া শুধু তাঁদের ক্ষেত্রেই ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। আর্মির ক্ষেত্রে মায়োপিয়া মাইনাস ২.৫ডি এবং হাইপারমেট্রোপিয়া (অস্টিগম্যাটিজম-সহ) প্লাস ৩.৫ডি-র মধ্যে হতে হবে। রং চেনার ক্ষমতা আর্মির ক্ষেত্রে সি পি-থ্রি (ডিফেক্টিভ সেফ) এবং নেভি ও এয়ারফোর্সের ক্ষেত্রে সি পি ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯ এবং চশমা-সহ উভয় চোখে ৬/৬। মায়োপিয়া মাইনাস ০.৭৫ এবং হাইপারমেট্রোপিয়া প্লাস ১.৫-এর মধ্যে থাকতে হবে। সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি এবং নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল। এয়ারফোর্সে পাইলটের জন্য বিবেচিত হওয়ার ক্ষেত্রে পায়ের দৈর্ঘ্য হতে হবে অন্তত ৯৯ সেমি (সর্বোচ্চ ১২০ সেমি), থাইয়ের দৈর্ঘ্য হতে হবে সর্বাধিক ৬৪ সেমি এবং বসে থাকা অবস্থায় উচ্চতা চাই অন্তত ৮১.৫ সেমি (সর্বোচ্চ ৯৬ সেমি)।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স, জেনারেল এবিলিটি টেস্ট। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি বিষয়ের ক্ষেত্রেই সময়সীমা আড়াই ঘণ্টা করে। প্রশ্ন হবে অবজেক্টিভ ধরনের। ম্যাথমেটিক্সের অংশে থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডায়মেনশনস, ডিফারেন্সিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেন্সিয়াল ইক্যুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। জেনারেল এবিলিটি অংশের পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষা ২১ এপ্রিল। অন্যতম পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষার তারিখের তিন সপ্তাহ আগে থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.upsconline.nic.in

লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

নির্বাচিত প্রার্থীদের প্রথমে ৩ বছরের ট্রেনিং দেওয়া হবে। প্রথম আড়াই বছরের ট্রেনিং সবার ক্ষেত্রে একই। সফলরা জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বি এসসি বা বি এসসি (কম্পিউটার) বা বি টেক (এয়ারফোর্স এবং নেভির ক্ষেত্রে) বা বি এ ডিগ্রি পাবেন। এরপর উইং অনুসারে বিশেষ ট্রেনিং দেওয়া হবে যথাক্রমে আর্মির জন্য দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে, নেভির জন্য এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে এবং এয়ারফোর্সের জন্য হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে। ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমের আওতায় প্রশিক্ষণপ্রাপ্তরা সফলভাবে ট্রেনিং শেষে বি টেক ডিগ্রি পাবেন।

পেশাদারি ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। নিয়োগ হলে শুরুতে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

কেবল অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৪ ফেব্রুয়ারি পর্যন্ত। দু'টি পার্টে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইনে আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপিজি ফর্ম্যাটে ৩-৪০ কেবি সাইজের মধ্যে) এবং সই (জেপিজি ফর্ম্যাটে ১-৪০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ নগদ ১০০ টাকা জমা দেওয়া যাবে পে-ইন-স্লিপের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। পে-ইন-স্লিপ ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। পার্ট-টু রেজিস্ট্রেশনের সময় পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেবেন। পে-ইন স্লিপের প্রিন্ট আউট নেওয়ার পরের কাজের দিন ব্যাঙ্কে গিয়ে নগদে ফি জমা দেবেন। অথবা অনলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার নেট ব্যাঙ্কিং পরিষেবার মাধ্যমে অথবা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ডের মাধ্যমেও ফি দেওয়া যাবে। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফসিলিদের এবং কর্মরত সৈনিক, প্রাক্তন জুনিয়র কমিশন্ড অফিসার, নন-কমিশন্ড অফিসার এবং আর্মির অন্যান্য র‍্যাঙ্কের কর্মী এবং নেভি ও এয়ারফোর্সের সমতুল র‍্যাঙ্কের কর্মীদের সৈনিক স্কুলে পাঠরত ছেলেদেরও ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। এই পরীক্ষার নোটিস নম্বর: 03/2019-NDA-I.

খুঁটিনাটি তথ্য পাবেন এই ওয়েবসাইটে: http://www.upsc.gov.in

তথ্য বা অন্য কোনও সহায়তার জন্য ফোন করতে পারেন এই নম্বরগুলিতে: (০১১)২৩৩৮-৫২৭১, (০১১)২৩৩৮-১১২৫।

# কবে কোন পরীক্ষা

**পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-এর ওয়েস্ট বেঙ্গল** সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা ৯ ফেব্রুয়ারি, দুপুর ১২টা থেকে আড়াইটে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ২২ জানুয়ারি থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in